হিরণ্যগর্ভ
দশম বর্ষ, তৃতীয় সংখ্যা
২৮শে আশ্বিন, ১৪২৪

Hiranyagarbha
Volume 10, No. 3
हिरण्यगर्भ
दशम वर्ष, तृतीय संख्या
तारिख-१५अक्टूबर,२०१७

২৮শে আশ্বিন, ১৪২৪ | 15th October, 2017

সূচীপত্র a Contents

বাংলা বিভাগ ঃ—	দেবী ললিতা - দুর্গা	শ্রীশ্রীমা সর্বাণী	05
	তত্ত্বদর্শিনী নারী মদালসা	শ্রীশ্রীমা সর্বাণী	07
	জ্ঞানগঞ্জের যোগ প্রসঙ্গে	শ্রীশ্রীমা সর্বাণী	08
	গুরুগীতা	যোগীরাজ শ্রীহরিমোহন বন্দ্যোপাধ্যায়	10
	যোগীশ্বর রূপে শ্রীশ্রীসরোজ বাবা	শ্রীপ্রদীপ চট্টোপাধ্যায়	11
	যোগ প্রসঙ্গে উপলব্ধিত আলোকে	শ্রীশ্রীমা সর্বাণী	12
	যৌগিক চেতনায় শ্রীশ্রীচণ্ডীতত্ত্ব	অধ্যাপক শ্রীহরপ্রসাদ রায়	13
	আধ্যাত্মিক প্রশ্নোত্তরী	শ্রীশ্রীমা সর্বাণী	14
	নিত্যসিদ্ধ মহাত্মার দিব্যদর্শনে—শ্রীরামকৃষ্ণ লীলা	শ্রীবিষ্ণুপদ সিদ্ধান্ত ঠাকুর	15
	জীবনাভাস	শ্রীঅর্দ্ধেন্দু শেখর চট্টোপাধ্যায়	16
	শ্রীশ্রীভগবান কিশোরী মোহনের পত্রাবলী	বৃহৎ কিশোরী ভাগবত	17
	কুরুক্ষেত্র দেখে এলাম	শ্রীবিজন কুমার সেনগুপ্ত	18
	গীতা ভাবনা	অধ্যাপক ডক্টর উদয়চন্দ্র বন্দ্যোপাধ্যায়	19
	বিশ্বপিতার সৃষ্টিখেলা	শ্রীমতী বীণা চৌধুরী	20
	শ্রীশ্রীমায়ের প্রথম বদ্রীনাথধাম ভ্রমণ কথা	স্বামী সংবেদানন্দজী	21
	রাজস্থানের সুপ্রসিদ্ধা শ্রীশ্রীসতীমায়ের লীলামৃত	শ্রীমতী বীণা চৌধুরী	23
	রাজা পৌণ্ড্রক ও পুত্র সুদক্ষিণ	শ্রীশ্রীমা সর্বাণী	25
	নিরুক্তশাস্ত্রের দৃষ্টিতে বৈদিক দেবতার স্বরূপ আলোচনা	অধ্যাপক ডক্টর উদয়চন্দ্র বন্দ্যোপাধ্যায়	26
हिन्दी विभाग ः—	देवी ललिता – दुर्गा	श्रीमती ज्योति पारेख	28
	योगीश्वर के रूप में श्रीश्रीसरोज बाबा	श्रीचंद्र पारेख	30
	श्रीश्रीभगवान किशोरी मोहन की पत्रावली	श्रीविमलानन्द	31
	श्रीश्रीमाँ की प्रथम बद्रीनाथधाम यात्रा	श्रीमती ज्योति पारेख	32
	आध्यात्मिक प्रश्नोत्तरी	श्रीमती ज्योति पारेख	34
	नित्यसिद्ध महात्मा के दिव्य दर्शन में – श्रीरामकृष्णलीला	श्रीमती सुशीला सेठिया	35
	गुरुगीता	श्रीश्रीमाँ सर्वाणी	36
	उन्मेष	श्रीमती सुशीला सेठिया	37
	ज्ञानगंज के योग प्रसंग पर	श्रीविमलानन्द	39
	तत्त्वदर्शिनी नारी मदालसा	श्रीमती ज्योति पारेख	41
	योग प्रसंग पर उपलब्धित आलोक	श्रीविमलानन्द	42
	राजा पौण्ड्रक व पुत्र सुदक्षिण	श्रीमती ज्योति पारेख	43
English Section ः—	Radha-Lalita-Durga	Prof. Partha Pratim Chakrabarti	44
	Biography of Manicklal Dutta	Dr. Barun Dutta	47
	Sri Sri Saroj Baba as Spiritual Supremo	Dr. Barun Dutta	49
	Gems from the Garland of Letters	Sri Arnab Sarkar	51
	The Philosophy of Truth	Dr. Barun Dutta	53

ISBN No. 978-81-935091-0-4 Cover : Sree Sree Maa Durga

Printed and Published by Dr. Barun Dutta on behalf of Mata Sharbani Trust, Plaza Housing, Vill : Jagannathpur (Shibrampur), P.O. : Ashuti, Pin : 700141, 24 Parganas (South), West Bengal, India. Tel : (033) 2488-1826, website : www.akhanda-mahapeeth.org, Email : akhanda.mahapeeth@gmail.com. Printed at : Rama Art Press, 6/30, Dum Dum Road, Kolkata-700 030, Tel : 2557-4419

Editor : Shri Arnab Sarkar • Associate Editors : Smt. Keya Chakraborty and Shri Mohit Shukla

সম্পাদকীয় / Editorial

ঘন মেঘের আস্তরণ ছিঁড়ে, এখানে-ওখানে সূর্য্যকিরণের ঝিলিক উঁকি দিতেই, বাতাসে পুজো-পুজো গন্ধ। কাশের বনে লেগেছে হাওয়ার মাতন, ধানের শিষের প্রভাতী হাওয়ার পরশে প্রথম হিমবিন্দু। শরতের আকাশে বাতাসে আনন্দময়ী মায়ের মঞ্জির-ধ্বনি অনুরণিত হচ্ছে দিগ্-দিগন্তে। আনন্দময়ী ধরণী তাই আজ আগমনী গীতমুখরা।

এই শারদ প্রাতে অন্তরের ভক্তি-বিনম্র আকুতি নিয়ে আশ্রম প্রাঙ্গণে আমরা আয়োজন করেছি মাতৃ-বন্দনার, সাথে এনেছি হিরণ্যগর্ভের এই অকিঞ্চিৎকর অর্ঘ্য।

হিরণ্যগর্ভের এই শারদীয় সংখ্যায় শ্রীশ্রীমা বিধৃত করেছেন শ্রীশ্রীললিতা দেবীর মাহাত্ম্য। দেবী ললিতা গোলোকের শ্রীশ্রীরাধারাণীর কায়বূহ্যের অষ্টসখীর মধ্যে প্রধানা—ইনিই দিব্যতেজসম্পন্না, সাক্ষাৎ যোগমায়ার স্বরূপ। দেবী ললিতা, দেবী দুর্গার মাধুর্য্যমণ্ডিত রূপ ও দেবী দুর্গা, দেবী ললিতার মহৈশ্বর্য্যমণ্ডিত রূপ। তাই দেবী ললিতা-দুর্গা হলেন মহাশক্তি-স্বরূপিণী, অনন্তবীর্যা বৈষ্ণবীশক্তি—বিশ্ববীজরূপা ও ওঙ্কারেশ্বরী। দেবী দুর্গা যোগমার্গে মোক্ষ প্রদায়িণী আর দেবী ললিতা ভক্তিমার্গের সঞ্চালিকা শক্তি স্বরূপা।

আজ দেবীপক্ষের পুণ্য প্রভাতে সেই পরম মঙ্গলময়ী, আদ্যাশক্তি-স্বরূপিণী ললিতা মাতৃকা, পরমপূজ্য গুরুমহারাজবৃন্দ, আমাদের শ্রীশ্রীবাবা ও শ্রীশ্রীমায়ের চরণে আমরা আমাদের অন্তরের বিনম্র অর্ঘ্য নিবেদন করে ধন্য হলাম। সততঃ প্রার্থনা করি আমাদের আধ্যাত্মিক যাত্রাপথে তাঁদের স্নেহাশীর্বাদ ও করুণা যেন আমাদের সহায় হয়।

।। ওঁ তৎ সৎ।।

Flickers of sunlight have started to pour through the chinks in the clouds as they lift up their dense rainy cover. One can feel the advent of the festival season in the ambience as the plumes of "kash" dance their heads in the swaying breeze and the first tiny droplets of dew condense on the green leaves in the open fields. The advent of Mother Goddess rings in the air as nature prepares herself for Her grand welcome.

Like in the previous years, we are preparing ourselves to worship the Eternal Mother at our Ashram premises with piety, devotion and verve. Let the aroma of flower and incense hang heavy in the air even as the call of conch shells heralds Her glorious advent.

In this Puja edition of Hiranyagarbha, Sree Sree Maa has expounded the spiritual glory of Lalita Devi. Devi Lalita is the chief consort of Sree Sree Radharani, the divine Goddess of Golaka. Devi Lalita, who emanated from the divine form of Sree Radhika, is imbued with infinite energy and is the embodiment of Yogmaya, the Supreme Primordial Mother. She is the affectionate form of Devi Durga, the Goddess of power. Thus, Devi Lalita-Durga is the epitome of all energy in this universe; all beings, animate or inanimate, evolve from them. She is the Eternal Mother. As Devi Durga, She blesses the saints in the path of emancipation while, as Devi Lalita, She embellishes them with profound "bhakti".

On this auspicious day, we offer our heart-felt homage to the lotus feet of Lalita-Durga, the Mother Goddess, and to all our Guru Maharajas, our beloved Shri Shri Baba and Sree Sree Maa and humbly pray for their kind compassion and blessings in our spiritual journey forward.

দেবী ললিতা - দুর্গা

শ্রীশ্রীমা সর্বাণী

গোলোকের শ্রীরাধিকার কায়ব্যূহের অষ্টসখীর মধ্যে প্রধানা যিনি তিনিই দেবী ললিতা। গোলোকে শ্রীরাধার রোমকূপ হইতে ইঁহার আবির্ভাব। ইনি দিব্যতেজসম্পন্না যোগমায়ার স্বরূপ। ব্রহ্মবৈবর্ত পুরাণ মতে গোলোকে মহাভাবদ্যুতি শ্রীরাধিকার রোমকূপ হইতেই সকল গোপিনীর উদ্ভব হয়। দেবী যোগমায়া সাক্ষাৎ সনাতনী আদ্যাশক্তি। ব্রহ্মাণ্ড সৃষ্টির অভিমুখে ইনিই আবার দেবী মহামায়া দুর্গা। অতএব যিনি 'ললিতা', তিনিই 'দুর্গা' এবং শ্রীরাধিকা ও ললিতার কোন ভেদ নাই। উহারা দুজনে একরস। দেবী ললিতা স্বভাবে প্রখরা, দিব্যতেজদীপ্তা, মহাভাব সম্পন্না ভগবতীরই অভিন্ন এক রূপ। দেবী ললিতা-দুর্গা হইলেন মহাশক্তি স্বরূপিণী বৈষ্ণবীশক্তি অনন্তবীর্য্যা, 'বিশ্বস্যবীজং পরমাসি মায়া' অর্থাৎ ইনিই বিশ্বের বীজরূপা ওঙ্কারেশ্বরী ও পরমা মায়া স্বরূপিণী পরমা প্রকৃতি, বিশ্বের আদি কারণ ও শিবপত্নী। শিবপত্নীরূপে ইনি 'ললিতা-গৌরী'। শিবপত্নী দেবী পার্বতী তাই মাতৃকাগণের মধ্যে 'বৈষ্ণবী' নামে খ্যাতা।

পুরাণ প্রসিদ্ধ মহিষাসুর দেবতাদের স্বর্গ হইতে বিতাড়িত করিয়া স্বর্গরাজ্য লাভ করেন। তখন দেবতারা বিপন্ন হইয়া ব্রহ্মার শরণাপন্ন হন। এমত সংকটে ব্রহ্মা শিব ও দেবতাগণকে সঙ্গে করিয়া ভগবান বিষ্ণুর নিকট গমন পূর্বক তাঁহাকে তাঁহাদের দুরাবস্থার কথা বিবৃত করেন এবং তাঁহাদের বিপদ হইতে রক্ষা করিতে অনুরোধ করেন; কারণ, ব্রহ্মার বরদানের ফলেই মহিষাসুর পুরুষের অবধ্য হইয়াছে। ভগবান বিষ্ণু তখন বলেন যে, এই দুর্ধষ্য অসুররাজকে বধ করিতে হইলে নিজ নিজ জায়ার সহিত মিলিত হইয়া, স্ব-স্ব তেজের নিকট এই প্রার্থনা করিতে হইবে যে, এই সমবেতভাবে উৎপন্ন তেজোরাশি হইতে এক অমিততেজা নারীমূর্তি যেন আবির্ভূতা হন। সেই অনন্তবীর্য্যবতী নারীই অসুররাজ মহিষাসুরকে বিনাশ করিবেন। এই কথা শ্রবণে ব্রহ্মা, শিব, বিষ্ণু ও ইন্দ্রাদি দেবতাদের দেহ হইতে তেজ নির্গত হয় এবং সেই সমষ্টিভূত তেজোরাশি হইতে এক অসামান্যা সৌন্দর্য্যশালিনী জ্যোতির্ময়ী নারীমূর্তি আবির্ভূতা হন। তখন সকল দেবতাগণ তাঁহাদের নিজ নিজ অস্ত্রসমূহ এঁনাকে প্রদান করেন। এই দেবী মহিষাসুরকে তিন বার বধ করেন। প্রথমে অষ্টাদশভূজা 'উগ্রচণ্ডা' রূপে, দ্বিতীয় ও তৃতীয়বার দশভূজা 'দুর্গা' রূপে। একদিন রাত্রিকালে মহিষাসুর নিদ্রিত অবস্থায় স্বপ্ন দেখেন যে দেবী ভদ্রকালী তাঁহার শিরচ্ছেদ করিয়া রক্তপান করিতেছেন। দেবী 'ভদ্রকালীর' মূর্তি স্বপ্নে দর্শন করিয়া ভয়ভীত মহিষাসুর এই মূর্তির আরাধনা করেন। পূজায় সন্তুষ্ট হইলে দেবী মহিষাসুরের নিকট আবির্ভূতা হন। তখন মহিষাসুর দেবীকে বলেন, ''একদা কাত্যায়ন মুনির শিষ্য রৌদ্রাশ্ব হিমালয়ে তপস্যা করিতেছিলেন। সেই সময় আমি স্ত্রীমূর্তি ধারণ করিয়া তাঁহার তপোভঙ্গ করি। তখন গুরু কাত্যায়ন শাপ দেন, স্ত্রীরূপে শিষ্যকে মোহিত করিবার জন্যে স্ত্রীর দ্বারাই আমার মৃত্যু হইবে। এখন আমার মৃত্যুকাল সমুপস্থিত। তাই মৃত্যুর পূর্বে আমি একটি বর প্রার্থনা করিতেছি। আমি আপনার অনুগ্রহে যজ্ঞভাগ প্রার্থনা করিতেছি এবং আপনার পদসেবকরূপে চিরকাল বাস করিয়া যেন সর্বজন পূজিত হই।'' তখন দেবী বলিলেন, ''যজ্ঞভাগ দেবতাদের মধ্যে বিভক্ত হইয়া গিয়াছে, অতএব আমি তোমায় বর দিতেছি যে আমার দ্বারা নিহত হইলেও তুমি আমার চরণ ত্যাগ করিবে না। যেখানে আমার পূজা হইবে, তথায় তুমিও পূজিত হইবে। উগ্রচণ্ডা, ভদ্রকালী ও দুর্গা, এই ত্রিমূর্তিতে তুমি সর্বদা আমার পদলগ্ন হইয়া দেবতা, মানুষ ও রাক্ষস দিগের পূজ্য হইবে।''

দেবী-ললিতা, দেবী-দুর্গার মাধুর্য্যমণ্ডিত রূপ আর দেবী-দুর্গা হইলেন দেবী-ললিতার মহৈশ্বর্য্যমণ্ডিত রূপ। দেবী-দুর্গা

হইলেন জীবের দুর্গতিনাশিনী শক্তি; জীবসত্তায় প্রবৃত্তিমার্গে আসুরিক বৃত্তিনিচয়কে বধ করিয়া জীবকে দেবত্বে উন্নীত করাই দুর্গাশক্তির কর্ম। ইচ্ছা-জ্ঞান-ক্রিয়া, এই তিন শক্তির সমরস্যতা এবং সমষ্টিভূত শক্তিই 'দুর্গা'। দুর্গাশক্তি আত্মসত্তা নির্মাণকারী মহাশক্তি। দেবী দুর্গা সাধকের গতিপথে যোগমার্গে মোক্ষ প্রদায়িনী। আবার দেবী ললিতা রূপে তিনিই ভক্তিযোগের প্রেমমার্গ।

শ্রীবৃন্দাবনেশ্বরী ভগবতী শ্রীরাধার পঞ্চ প্রকার সখী মধ্যে শ্রীললিতা পরম প্রেষ্ঠ বা প্রাণপ্রেষ্ঠ সখী। শ্রীললিতার মধ্যে দিব্যতা ও নিত্যসিদ্ধতা স্বভাবসিদ্ধ। ললিতা, বিশাখা, সুচিত্রা, চম্পকলতা, তুঙ্গবিদ্যা, ইন্দুলেখা, রঙ্গদেবী ও সুদেবী এই ৮টি শ্রীরাধার পরমপ্রেষ্ঠ ও পরমশ্রেষ্ঠ সখী। ইহাদের তুল্য সর্বগুণসম্পন্না কেহ নাই। শ্রীরাধাকৃষ্ণের প্রতি ইঁহাদের সমান প্রেম-পরাকাষ্ঠা। অষ্টসখী মধ্যে শ্রীললিতাই প্রধানা। দেবী ললিতার নিজস্ব যূথ-মণ্ডল রহিয়াছে; সেই পরিমণ্ডল মধ্যে অষ্টসখী প্রধানা। উহাদিগের নাম যথাক্রমে রত্নপ্রভা, রতিকলা, সুভদ্রা, বর্তিকা, সুমুখী, ধনিষ্ঠা, কলহংসী ও কলাপিনী। ভূলোকের বৃন্দাবনলীলায় অবতরণের সময় শ্রীললিতা সখীর পিতা ছিলেন 'বিশোক' এবং মাতা ছিলেন 'শারদী'। 'বিশোক' অর্থাৎ অশোক এবং 'শারদী' অর্থাৎ শারদীয়া ঋতুশক্তি। শরৎকালেই ভগবান শ্রীরামচন্দ্র দেবী ভগবতীর অকালবোধন সম্পন্ন করেন, তাই দেবী দুর্গার আরেক নাম হল 'শারদা'। ললিতাদেবীর পতি হইলেন 'ভৈরব' গোপ। অতএব দেবী ললিতা হইলেন 'ললিতা-ভৈরবী', দেবী দুর্গারই নামান্তর। দেবী দুর্গারও নবশক্তির যোগিনী-পরিমণ্ডল রহিয়াছে; যথা - ব্রাহ্মী, মাহেশ্বরী, কৌমারী, বৈষ্ণবী, বারাহী, নারসিংহী, ইন্দ্রাণী, শিবদূতী ও চামুণ্ডা। এই নবশক্তি নবদুর্গার (শৈলপুত্রী, ব্রহ্মচারিণী, চন্দ্রঘন্টা, কুষ্মাণ্ডা, স্কন্দমাতা, কাত্যায়নী, কালরাত্রি, মহাগৌরী ও সিদ্ধিদাত্রী) শক্তির মধ্যে সমাহিত। এই প্রকারে দেবী দুর্গা অনেকানেক রূপধারিণী অনন্তরূপা দুর্জ্ঞেয়া নিত্যা জগন্মোহিনী। দেবী দুর্গার কিশোরী কুমারী রূপই 'ললিতা'।

দেবী ললিতা-দুর্গা মায়াবিশিষ্ট ব্রহ্মরূপে সৃষ্টিমধ্যে অবস্থান করিয়া থাকেন বলিয়া তাঁহাকে 'মহামায়া' বলা হয়। সৃষ্টিকালে তিনি শ্রী, বুদ্ধি, স্মৃতি, ধৃতি, শ্রদ্ধা, মেধা, দয়া, লজ্জা, ক্ষুধা, তৃষ্ণা, ক্ষমা, অক্ষমা, কান্তি, শান্তি, পিপাসা, নিদ্রা, তন্দ্রা, জরা, অজরা, বিদ্যা, অবিদ্যা, স্পৃহা, বাঞ্ছা, শক্তি, অশক্তি, অস্থি, মজ্জা, ত্বক, দৃষ্টি, সত্যাসত্যরূপে প্রতিভাত হন। দেবী ভাগবতে আছে যে দেবী ভগবতীর দেহ কোটি কোটি সূর্য্যের ন্যায় উজ্জ্বল হইলেও কোটি কোটি চন্দ্রের ন্যায় মধুর ও শীতল। তিনি কোটি, কোটি, কোটি বিদ্যুল্লতার ন্যায় লাবণ্যময়ী। শ্রীমহাভারতে (৪২ অঃ - ৪৫ শ্লোঃ) বলা হইয়াছে যে ব্রহ্মরূপিণী সর্বলোকমাতা ভগবতী দেবী ব্রহ্মাণ্ডের মধ্যেও আছেন, আবার ব্রহ্মাণ্ডের বাহিরেও আছেন। তাঁহার ভগবতী মূর্তি পৌরাণিক এবং ব্রহ্মাণ্ডের বাহিরে যে মূর্তি আছে তাহা তান্ত্রিক। বৈকুণ্ঠ ও গোলোকেরও বহু ঊর্দ্ধে তিনি অবস্থান করেন। তিনি পরমব্রহ্ম স্বরূপিণী। আবার তিনি বিশ্বাত্মিকা, নিরুপমা, নিরুপদ্রবণ, সূক্ষ্মা ও জগতের স্থিতি-লয়াদির একমাত্র কারণ। তিনি সগুণা এবং নির্গুণা দুই-ই। বাক্যদ্বারা সেই দেবীর সম্বন্ধে বর্ণনা করা যায় না। সেই ভগবতী দেবী ললিতা-দুর্গার চরণে জানাই অনন্তকোটি প্রণাম।

—প্রসীদ প্রসীদ দেবি ভগবতী ললিতা দুর্গে—

আদিশক্তি মা প্রণবজ্যোতির আলোকে নিরন্তর স্নাত হন। তিনি নিজে প্রণবস্বরূপা প্রণবেশ্বরী হয়ে যখন সগুণাকার প্রাপ্ত হন, তখন তিনি তাঁরই বিশুদ্ধ চিৎজ্যোতির আলোকে স্নাত হন। ঠিক গঙ্গাজলে গঙ্গাপূজার মত।

হৃদয়ে দুর্গাশক্তি জাগ্রতা হলে যখন হৃদ্‌পদ্ম খোলার মত হয় তখন সাধক অবিরত ঢাকের আওয়াজ শুনতে পান। আর হৃদয়পদ্ম একবার পূর্ণরূপে উন্মুক্ত হয়ে গেলে তখন শোনা যায় ঢোলের আওয়াজ। ঢোল, মৃদঙ্গ, খোল ইত্যাদি আরও অনেক প্রকার অনাহত ধ্বনি শোনা যায়। এইজন্যে শক্তিপূজায় ঢাক বাদ্যের প্রচলন আছে। আর ভক্তির আরাধনায় ঢোল, মৃদঙ্গ, খোল ইত্যাদি বাদ্যযন্ত্র বাজানো হয়। প্রথমটা হল ঐশ্বর্য্য মণ্ডিত অনাহত নাদধ্বনি এবং দ্বিতীয়টি হল মাধুর্য্যমণ্ডিত অনাহত নাদধ্বনি। দুইয়ের উৎসস্থলই হল হৃদয় কেন্দ্র। **—শ্রীশ্রীমা (বোধোদয় পুস্তক)**

তত্ত্বদর্শিনী নারী মদালসা

শ্রীশ্রীমা সর্বাণী

গন্ধর্বরাজ বিশ্বাবসুর কন্যা 'মদালসা' একজন ধার্মিক তত্ত্বদর্শিনী নারী ছিলেন। ইক্ষ্বাকুবংশীয় মান্ধাতার অন্যতম পুত্র ছিলেন শত্রুজিৎ। শত্রুজিৎ (প্রতর্দ্দন) মহাবল - পরাক্রান্ত রাজা ছিলেন। ইন্দ্র তাঁহার যজ্ঞে সোমরস পান করিয়া অতিশয় প্রীত হইয়াছিলেন। এই শত্রুজিতের পুত্র ঋতধ্বজ (কুবলয়াশ্ব) মহর্ষি গালবকে রক্ষা করিতে গালবের আশ্রমে যান। একদিন গালব সন্ধ্যাবন্দনায় রত আছেন, এমন সময়ে এক দানব শূকরের মূর্তি ধারণ করিয়া তথায় উপস্থিত হইলেন। তখন ঋতধ্বজ তাহাকে অনুসরণ করিয়া শরবিদ্ধ করিলেন কিন্তু সে অতি দ্রুতবেগে পলায়ন করিল। ঋতধ্বজ তখন অশ্বারোহণে দানবকে অনুগমন করিলে সে এক বৃহৎ গর্তে প্রবিষ্ট হয়। তখন ঋতধ্বজও সেই বৃহৎ গর্ত মধ্যে প্রবেশ করিলেন কিন্তু দানবরূপী শূকরটির কোন সন্ধান পাইলেন না। তিনি তখন শূকরকে খুঁজিতে খুঁজিতে পাতালে গিয়া উপস্থিত হইলেন এবং তথায় ইন্দ্রপুরীর মত শত শত প্রাসাদ দেখিতে পাইলেন। সেখানে কোন এক প্রাসাদে একটি কুমারীকে পালঙ্কে বসিয়া থাকিতে দেখিয়া তিনি উহার পরিচয় লইয়া জানিতে পারিলেন যে ইনি গন্ধর্বরাজ বিশ্বাবসুর কন্যা - মদালসা। বজ্রকেতু নামক পাতালবাসী এক জনৈক দানবের পুত্র পাতালকেতু মদালসাকে হরণ করিয়া এখানে লইয়া আসিয়াছে এবং শীঘ্রই বিবাহ করিবে। যে ব্যক্তি শরপ্রহারে এই দানবকে বিদ্ধ করিবেন, তিনিই এই মদালসার স্বামী হইবেন। তৎপরে ঋতধ্বজ তাঁহার সমস্ত পরিচয় মদালসাকে দিলেন এবং কি করিয়া তিনি এখানে আসিলেন তাহাও জানাইলেন। এই ঋতধ্বজই এই দানবকে শরবিদ্ধ করিয়াছেন জানিতে পারিয়া কুমারী মদালসা তখন তাহাকে বিবাহ করিতে চাহিলেন। তখন কুলগুরুর দ্বারা এই বিবাহ যথাবিধি সম্পন্ন হইল। তারপর ঋতধ্বজ মদালসাকে লইয়া অশ্বপৃষ্ঠে আরোহণ করিয়া পিতার নিকট উপস্থিত হইয়া আদ্যপান্ত ঘটনার বিবরণ দিলেন।

এই ঘটনার বহুকাল পরে রাজা ঋতধ্বজকে পুনঃ ব্রাহ্মণদের রক্ষার জন্য চতুর্দিকে পর্য্যটন করিতে প্রেরণ করিলেন। এই সময় যমুনাতীরে এক আশ্রমে পাতালকেতুর কনিষ্ঠ ভ্রাতা তালকেতু মায়াবলে মুনিরূপ ধারণ করিয়া আশ্রমে বসবাস করিতেছিল। সেখানে ঋতধ্বজ আসা মাত্রই পূর্বের শত্রুতা স্মরণ করিয়া সে ঋতধ্বজের নিকট হইতে যজ্ঞানুষ্ঠানের জন্যে দক্ষিণা প্রার্থনা করিল। তখন ঋতধ্বজ তাহাকে তাঁহার কণ্ঠহার দান করিয়া আশ্রম রক্ষার ভার দিলেন। এই সুযোগে তালকেতু ঋতধ্বজের পিতার নিকট গিয়া মিথ্যা রটনা করিলেন যে যজ্ঞদ্বেষী দৈত্যদিগের সঙ্গে যুদ্ধ করিয়া তাঁহার পুত্র ঋতধ্বজ প্রাণত্যাগ করিয়াছেন। মদালসা স্বামীর মৃত্যু সংবাদ পাইয়া তখনই প্রাণত্যাগ করিলেন।

ইহার পর তালকেতুর হস্ত হইতে মুক্তি পাইয়া ঋতধ্বজ পিত্রালয়ে ফিরিয়া আসিলে রাজা তখন আশ্চর্য্য হইয়া গেলেন এবং তাঁহার মিথ্যা মৃত্যু-সংবাদ পাওয়ার জন্য অত্যন্ত মর্মাহত হইলেন। মদালসার মৃত্যু-সংবাদে ঋতধ্বজের হৃদয় বিদীর্ণ হইয়া গেলে তখন ঋতধ্বজের পূর্ব সুহৃদ, নাগরাজ অশ্বতরের দুই পুত্র, মদালসাকে জীবিত করিয়া দিবার জন্যে পিতাকে বারংবার অনুরোধ করিতে লাগিলেন। নাগরাজ অশ্বতর মহর্ষি কশ্যপ ও কদ্রুর দ্বাদশ পুত্রের অন্যতম। ইনি শিবের উপাসক ছিলেন। নাগরাজ অশ্বতর তখন পত্নী শোকগ্রস্ত ঋতধ্বজের কথা ভাবিয়া ঋতধ্বজ পত্নী মদালসাকে কন্যারূপে লাভ করিবার জন্যে মহাদেবকে তপস্যায় তুষ্ট করিতে হিমালয়স্থ এক তীর্থে কঠিন-কঠোর তপস্যায় রত হইলেন। ইহার পরে অশ্বতর তপোবলে অসাধ্য সাধন করিয়া মহাদেবকে তপস্যায় প্রীত করিলে তখন শিব ও সরস্বতী তাঁহাকে বর দিলেন, ''মদালসা যে বয়সে মৃত্যুমুখে পতিত হইয়াছেন, সেই বয়সেই নাগরাজের কন্যারূপে জাতিস্মরা হইয়া জন্মগ্রহণ করিবেন।'' (নাগরাজ অশ্বতর পূর্বে একসময় দেবী সরস্বতীকে তপস্যায় তুষ্ট করেন এবং সমস্ত স্বরের শ্রুতি, স্বরগ্রাম এবং মূর্ছনাগুলি যাহাতে তাঁহার আয়ত্তাধীন হয় সেই বর তিনি দেবী সারদার নিকট প্রাপ্ত হন। — মার্কণ্ডেয় পুরাণে বর্ণিত কুবলয়াশ্ব-মদালসার উপাখ্যানে রহিয়াছে।) তখন নাগরাজ আবার ধ্যানমগ্ন হইলেন এবং সেই অবস্থায় তাঁহার দক্ষিণ কর্ণ হইতে মদালসার জন্ম হইল। তখন নাগরাজের পুত্রদ্বয় ঋতধ্বজকে নাগলোকে লইয়া যাইল। তারপর পুত্রদ্বয় পিতাকে ঋতধ্বজের নিকট মদালসাকে আনিতে অনুরোধ করিল। পিতা মদালসাকে ঋতধ্বজের সম্মুখে আনয়ন করিলেন এবং

তিনি মদালসাকে কেমন করিয়া পুনর্জীবিত করিয়াছেন তাহা ঋতধ্বজকে বলিলেন। তারপর ঋতধ্বজ স্ত্রীকে লইয়া নিজরাজ্যে প্রত্যাবর্তন করিয়া পিতাকে সমস্ত বৃত্তান্ত কহিলেন।

রাজা শত্রুজিতের মৃত্যুর পর ঋতধ্বজ রাজপদে অভিষিক্ত হইলেন। কালক্রমে মদালসার চারপুত্র জন্মগ্রহণ করে। মদালসা তাঁহার এক পুত্রকে গার্হস্থ্যধর্ম, এক পুত্রকে রাজধর্ম ও আর এক পুত্রকে ব্রহ্মবিদ্যা সম্বন্ধে নানা উপদেশ দেন। চতুর্থ পুত্রের হস্তে রাজর্ষি ঋতধ্বজ রাজ্যভার অর্পণ করিয়া সস্ত্রীক বনে তপস্যার উদ্দেশ্যে প্রস্থান করেন।

(*সহায়ক গ্রন্থ—মার্কণ্ডেয় পুরাণ*)

জ্ঞানগঞ্জের যোগ প্রসঙ্গে

শ্রীবিজন কুমার সেনগুপ্তের বিশেষ অনুরোধে ডঃ গোপীনাথ কবিরাজজীর ১৮টি পত্রের সাধন মার্গের নিগূঢ় তত্ত্ব ও সাধন প্রণালীর উপর শ্রীশ্রীমায়ের যোগ ব্যাখ্যা —

ডঃ গোপীনাথ কবিরাজের পত্রাবলী প্রসঙ্গেঃ—

মরমী সাধক ডঃ গোপীনাথ কবিরাজজীর গুরুভ্রাতা শ্রীঅক্ষয় কুমার দত্তগুপ্ত মহাশয়কে জ্ঞানগঞ্জের সাধন মার্গের ক্রিয়াযোগের যে সকল নিগুঢ় তত্ত্ব, তথ্য এবং সাধন প্রণালীর বিষয় চিঠিতে উল্লেখ করেছেন তারই কয়েকটি প্রশ্ন :—

৬। পত্র ৭) তৃতীয় ভাগ -

কবিরাজজী লিখেছেন -''গুরুদেব দেহে অবস্থানকালে



১০৭ পর্য্যন্ত প্রাপ্ত হইয়াছিলেন। দেহত্যাগের অব্যবহিত পূর্বক্ষণে ১০৮-এ প্রবেশ করিয়াছিলেন। ১০৭ বা মহাগুণ পরম সাম্যাবস্থা, মহাযোগী ভিন্ন কেহই ১০৭কে অতিক্রম করিয়া অক্ষত স্বরূপে অবস্থিতি এবং পূর্ণ স্বাতন্ত্র্যে উপলব্ধি করিতে পারেন না।'' — (এই বিষয়ে শ্রীশ্রীমার বক্তব্য।)

''মহাচিতা হইতে মহাকুণ্ডল রচনা আরম্ভ হয়।'' এই মহাকুণ্ডল বিজ্ঞানে তন্ত্র, মন্ত্র ও যন্ত্র, তিনটির রহস্যের ব্যাখ্যা এবং মহাকুণ্ডলের বিবরণ ও বিশ্লেষণ —(শ্রীশ্রীমা যদি আলোচনা করেন।)

উত্তর — পত্র ৭-এর তৃতীয় ভাগ — ১০৭ মহাগুণ পরম সাম্যাবস্থা। অর্থাৎ, ১০৭-এ উপনীত মহাযোগী সগুণ ও নির্গুণ মহা-মহাজ্ঞানের অধিকারী হইয়া পরমশিব হন। এ অবস্থায় যোগী পরমবোধি দ্বারা বোধগম্য করেন যে নির্গুণ পরমব্রহ্ম হইতেই সগুণের প্রকাশ হয় এবং সগুণ স্বভাবে নির্গুণকে জ্ঞান করা সম্ভব হয়। মহাত্মা তুলসীদাসজী বলিয়াছেন —

''অগুণ হি সগুণ হি নাহি কছু ভেদা, গাবত মুনি পুরাণ বুধ বেদা।। অগুণ অরূপ অলখ অজ জোঈ, ভগত প্রেম বস সগুণ সো হোঈ।।'' — অর্থাৎ, নিরাকার সাকার ব্রহ্মে কোন ভেদ নাই; নিরাকার ব্রহ্মই ভক্তের আকুল ক্রন্দনে প্রেমের বশীভূত হইয়া সাকার স্বরূপ ধারণ করিয়া, ভক্তের ক্লেশ নাশ করিয়া তাহাকে সুখ প্রদান করেন। ১০৭ অবস্থায় ঠিক ঐ ভাবের উন্মীলন হয়। এ অবস্থাকেই মহাগুণের সাম্যাবস্থা বলা হয়। মহাযোগীশ্বর ভিন্ন কেহই ১০৭-কে অতিক্রম করিয়া অক্ষত বা অক্ষয় স্বরূপে অবস্থান এবং পূর্ণ স্বাতন্ত্র্যে উপলব্ধি করিতে সক্ষম হন না। মহাযোগীশ্বর রূপ পরমশিব তিনিই যিনি নির্বিকল্প সমাধি অবস্থা হইতে ব্যুত্থান প্রাপ্ত হন। পরমশিব নির্বাণকে ভেদ করিতেই সক্ষম হন। শ্রীশ্রীবিশুদ্ধানন্দ পরমহংসদেব স্থূলদেহে অবস্থানকালে যোগমার্গের ১০৭ পর্য্যন্ত (অর্থাৎ ১০৭ মহাগুণ প্রকৃতিতত্ত্বের সাম্যাবস্থায়) উপনীত হইয়াছিলেন আর পূর্ণ শিবাবস্থা অবলম্বন করিয়া ঁনবমুণ্ডির আসনে উপনীত হইয়া দেহত্যাগের অব্যবহিত পূর্বক্ষণে ১০৮-এ পুরুষোত্তম অবস্থার সাধনের প্রথম পদক্ষেপে পদার্পণ করিয়া হিরণ্যগর্ভে স্থিত হইয়াছিলেন।



শ্রীশ্রীবিশুদ্ধানন্দ পরমহংসদেব

'পরমার্থ প্রসঙ্গের' ৯ম খণ্ডে শ্রীকবিরাজ মহাশয় ১০৭, ১০৮, ১০৯-এর অর্থ বলিতে গিয়া বলিয়াছেন যে, ''এই জাগতিক সৃষ্টি ৪৯ টি অণুর (বা মাতৃকাবর্ণের) সমন্বয়ে যার সমষ্টি ১ মিলিয়া ৫০। ৫০ টি অনুলোম এবং ৫০টি বিলোম নিয়ে হয় ১০০। এই ১০০-র মধ্যেই সমগ্র সৃষ্টি নিবদ্ধ।

এরপর সাধারণতঃ মহাশূন্য ধরা হয়। যোগীরা ভিন্ন এরপর কেহ যাইতে পারেন না। তাঁর গুরুদেবের আবির্ভাবের পূর্বে (শ্রীশ্রীবিশুদ্ধানন্দ পরমহংসদেব) ১০৫ পর্য্যন্ত এই সৃষ্টি extension করিয়াছিলেন যোগীর উদ্‌বৃত্ত কর্মের দ্বারা। শ্রীশ্রীবিশুদ্ধানন্দ পরমহংসদেব নিজস্ব যোগশক্তিবলে সেই সৃষ্টির পরিধি বাড়িয়ে দেন ১০৭ পর্য্যন্ত।'' (অর্থাৎ, মহাশূন্য বা মহাব্যোম রাজ্যে প্রথমে ১০০ হইতে ১০৫ পর্য্যন্ত এবং তৎপরে ১০৭ পর্য্যন্ত চিদ্‌সাম্রাজ্যে সৃষ্টি উদ্ভাসিত করা হইয়াছিল। ১০৭ হইতেছে পরমা প্রকৃতি (মহাগুণ - সগুণ / নির্গুণ) ''১০৫ হইতে ১০৬ পর্য্যন্ত vacant space ছিল। অবশ্য এই সৃষ্টি স্থূল দৃষ্টিতে ধরা পড়ে না। যেমন জ্ঞানগঞ্জ ধরা পড়ে না স্থূল দৃষ্টিতে।

১০৭ হইতেছে পরমা প্রকৃতির রাজ্য ১০৮ হইতেছে পরমপুরুষ। ১০৭ হইতে ১০৮-এর যে ব্যবধান তাহা মৃত্যুকে বাদ দিয়া কেহ পৌঁছাইতে পারেন না।'' — এই কারণেই শ্রীবিশুদ্ধানন্দ পরমহংসদেব দেহত্যাগের অব্যবহিত পূর্বক্ষণে ১০৮-এ প্রবেশ করিয়াছিলেন।

মহাকুণ্ডল বিজ্ঞান রহস্য আরম্ভ হয় ''চিতা সাধনা'' হইতে। তন্ত্রযোগমার্গে এই চিতা-সাধনা শব-সাধনা বলিয়া পরিচিত; ইহাতে মন্ত্র ও যোগ-তন্ত্র সাধনই প্রধান। এই চিতা সাধনা যোগমার্গে অন্যভাবে সাধিত হয়। কখনো কখনো কোন সুউন্নত সাধকযোগী দেহত্যাগের পরে তাঁহার সমাধি-সৌধের উপর আসন নির্মাণ করিয়া উহাতে উপবেশন করিয়া জগতের কল্যাণকর কর্ম সাধন করিয়া থাকেন এবং তাঁহার সেই শবদেহ বা শবদেহ-ভস্মের স্তূপের আসনে নিজস্ব স্বতন্ত্র সাধনাও করিয়া থাকেন সূক্ষ্মদেহে। সূক্ষ্মদেহে যোগারূঢ় হইয়া সাধনা করিতে করিতে ক্রমান্বয়ে তিনি ঊর্ধ্ব হইতে ঊর্ধ্বতন লোকে গতিলাভ করিতে পারেন। এই সাধনাকে বলে ''চিতা সাধনা''। ইহাও সদ্‌গুরুর অনুকম্পা ভিন্ন হওয়া সম্ভব নয়। এই সাধনা করিতে করিতে সৃষ্টিতত্ত্বের চেতনার প্রত্যেকটি স্তরেই সমাধি যোগাসীন হইয়া যোগী স্থূল হইতে সূক্ষ্ম, সূক্ষ্ম হইতে কারণ জগৎ পর্য্যন্ত গতিলাভ করেন। ইহার পর বোধ বিকাশের সপ্তম ভূমিতে সত্যলোকে গতি প্রাপ্ত হইয়া বহুকাল তপস্যার পর যখন যোগী নির্বিকল্প সমাধিতে প্রবিষ্ট হন তখন নির্বিকল্প সমাধি হইতে গুরুকৃপা ভিন্ন যোগীর ব্যুত্থান হয় না। যিনি গুরুকৃপায় নির্বিকল্প সমাধি হইতে জাগ্রত অবস্থা প্রাপ্ত হন অর্থাৎ, যে যোগী নির্বাণকে ভেদ করিতে সক্ষম হন, তাঁহার জীবত্ব চিরকালের জন্যে ঘুচিয়া যায় এবং তিনি শিবত্বে উপনীত হন। এ অবস্থায় যোগী ''মহাচিতার'' আসনে প্রতিষ্ঠিত হন। এই মহাচিতার আসন হইতেই মহাকুণ্ডল রচনার সূচনা হয়। শ্রীকবিরাজ মহাশয় বলিয়াছেন -''জগৎ ভেদ করা বা জগৎ অতিক্রম করা - ইহার ফল শুদ্ধ চৈতন্যাবস্থায় স্থিতি। বর্তমান সময়ে চৈতন্য জড়ের সহিত মিশ্রিতাবস্থায় রহিয়াছে। জড় জগৎ হইতে চৈতন্যকে নিষ্কর্ষ করিয়া জগৎ হইতে ঊর্ধ্বে নিতে পারিলে ঐ চৈতন্য জড় সম্বন্ধরহিত শুদ্ধচৈতন্য আখ্যা প্রাপ্ত হয়। উহাই ব্রহ্ম বা শুদ্ধ প্রকাশ বা শিব। উহা বিশ্বাতীত। কিন্তু এই চৈতন্য সমগ্র জগতের দ্রষ্টারূপে অসঙ্গভাবে সর্বাতীতভাবে বিদ্যমান রহিয়াছে। ইহাতে জগতের যোগ থাকে না। এই চৈতন্যে ক্রিয়াশক্তির উন্মেষ হইলে একই ক্ষণে ইহা বিশ্বাতীত হইয়াও বিশ্বাত্মক হইয়া পড়ে। ক্রিয়াশক্তির দ্বারাই সর্বপ্রকার যোগীত্ব সিদ্ধ হয়। এই পর্য্যন্ত সিদ্ধ হইলে বিশ্বাতীত চৈতন্য বিশ্বাত্মক হইয়া প্রতিষ্ঠিত হয়। ইহাই ''পরমশিবের'' অবস্থা। ''মহাকুণ্ডল বিজ্ঞানে এই পরমশিবই মহাকুণ্ডল রহস্যের জ্ঞাতা ও বিজ্ঞানী। মহাকুণ্ডল তত্ত্ব মধ্যে মন্ত্র ও যন্ত্র আছে। পরাবাকের বোধি হইল ইহার মন্ত্র আর চিদ্‌রাজ্যে প্রতিষ্ঠার সংকল্পের ক্রমানুযায়ী ''শিব-শক্তি'' সমরস্যতার বোধির ক্রমিক বিভিন্ন স্তরের মহাজ্ঞানতত্ত্ব স্ফুরণের চিহ্নস্বরূপ দিব্য যন্ত্রের প্রকাশ আছে। এ অবস্থার যোগ মহাযোগীশ্বর গুরুর বক্ত্রগম্য। কারণ মহাশক্তিশালী পূর্ণসিদ্ধ যোগী ভিন্ন নির্বাণকে ভেদ করিয়া পরিনির্বাণে কেহই উপনীত হইতে পারে না। মহাকুণ্ডল তন্ত্রবিজ্ঞান অতীব গুপ্ত এবং ঈশ্বরকোটির অধিকারভুক্ত এবং ঈশ্বরকোটির গুরুর অনুকম্পাতেই সিদ্ধ হওয়া সম্ভব। *—যোগ প্রসঙ্গের ব্যাখ্যা*

শ্রীশ্রীমা সর্বাণী

বিজ্ঞপ্তি

Library-র পুস্তকাবলী রক্ষণাবেক্ষণার্থে সদস্যদের Library-র বার্ষিক চাঁদা (১০০/- টাকা) ৩১শে জানুয়ারীর (২০১৮) মধ্যে জমা করতে হবে।

গুরুগীতা

(মূল, অন্বয়, বঙ্গানুবাদ যৌগিক ও সাধারণ অর্থ সম্বলিত)

যোগীরাজ শ্রীহরিমোহন বন্দ্যোপাধ্যায়

(১৬)

ন মুক্তা দেবগন্ধর্বাঃ পিতরো যক্ষকিন্নরাঃ।
ঋষয়ঃ সর্বসিদ্ধাশ্চ গুরুসেবাপরাঙ্মুখাঃ।।৫৫

দেবগন্ধর্বাঃ, পিতরঃ, যক্ষকিন্নরাঃ, ঋষয়ঃ, সর্বসিদ্ধাশ্চ তে গুরুসেবাপরাঙ্মুখাঃ, (তে) ন মুক্তাঃ।।৫৫

মাত্র কূটস্থব্রহ্ম অবলম্বনে যে মুক্ত হওয়া যায় তাহা নহে - কূটস্থব্রহ্ম মুক্তিপদে যাইবার জন্য দ্বার স্বরূপ মাত্র। সে কারণ দেবগণ, যাঁহারা স্বর্গলোকে কূটস্থব্রহ্মাবলম্বনে আনন্দ-ভোগ করিতেছেন; গন্ধর্বগণ, যাঁহারা তদ্রূপ অবলম্বনে ধ্বনি-শ্রবণে রত আছেন; পিতৃগণ, যাঁহারা তদ্রূপ অবলম্বনে শান্তিভ্রমে সুখোপভোগে রত আছেন; যক্ষগণ, যাঁহারা ঐশ্বর্য্য-কামনায় তদ্রূপ উপাসনায় রত আছেন; কিন্নরগণ, যাঁহারা বহু কামনাযুক্ত হইয়া তদ্রূপ উপাসনায় রত আছেন; ঋষিগণ, যাঁহারা ব্রহ্মের রূপদর্শনে সন্তুষ্ট হইয়া থাকেন; সর্বসিদ্ধগণ, যাঁহারা কূটস্থব্রহ্মের উপাসনা দ্বারা সর্বপ্রকার সিদ্ধিলাভ করিয়াছেন — ইঁহারা সকলেই গুরুসেবা-পরাঙ্মুখ বুঝিতে হইবে। ইহার কারণ ইহাদের গুরুর প্রতি লক্ষ্য নাই এবং লক্ষ্য-বিষয় অন্যত্রে বলিয়া ভাবময়পুরুষ কূটস্থব্রহ্ম-সাহায্যে তাহাদের তত্তদ্বস্তুর সিদ্ধি হয় (গীতা ৪র্থ অঃ, ১১ শ্লোক দেখ) যথা — দেবগণের আনন্দানুভূতি, গন্ধর্বগণের ধ্বনিশ্রবণ, পিতৃগণের সুখ ও স্বচ্ছন্দ্য-ভোগ, যক্ষগণের ঐশ্বর্য্যলাভ, কিন্নরগণের ইচ্ছা-সিদ্ধি, ঋষিগণের কূটস্থদর্শনে তৃপ্তি এবং সিদ্ধগণের যোগৈশ্বর্য্যলাভ। পরন্তু মুক্তি স্বতন্ত্রভাবের হইতেছে। উহা লাভ করিতে হইলে গুরুর ধ্যানে একান্তভাবে থাকিয়া তদীয় ভাবাতীত অবস্থায় নিমগ্ন থাকিতে হইবে, সেই ধ্যান কি ভাবের তাহা পরবর্ত্তী শ্লোকগুলিতে কথিত হইয়াছে। গুরুর বাহ্যভাবে কোন লক্ষণ পরিদৃশ্যমান নাই বলিয়া তিনি লাভের বস্তু অর্থাৎ লক্ষ্য বস্তু হইতে পারেন না, সুতরাং ক্রিয়ার দ্বারা লভ্য নহেন — (সাংখ্য দেখ — ঈশ্বরাসিদ্ধেঃ)। পরন্তু ক্রিয়ান্তে ক্রিয়ার পরাবস্থায় গুরু আপনি প্রকাশ হইয়া থাকেন এবং প্রকাশ হইয়া সাধককে নিজ অঙ্গে মিশাইয়া লয়েন, তখন 'আমি' 'তুমি' বোধের 'আমিত্ব' বোধ ঘুচিয়া 'তুমি'তে মিশিয়া এক হইয়া যায়। মহানারায়ণোপনিষদে লিখিত আছে, ''গুরুকটাক্ষলেশ বিশেষেণ সর্ববন্ধাঃ প্রবিনশ্যন্তি'' - ইহাই মুক্তি। পুরাণ শাস্ত্রেও লিখিত আছে, কল্পান্তে রুদ্রের তৃতীয়নেত্রনিঃসৃত বহ্নিতে সমস্ত সৃষ্টি দগ্ধ হয়, ইহাই প্রলয়।।৫৫

ধ্যানং শৃণু মহাদেবি সর্বানন্দপ্রদায়কম্।
সর্বসৌখ্যকরং নিত্যং ভুক্তিমুক্তিবিশারদম্।।৫৬

হে মহাদেবি, ধ্যানং (ধ্যান বিষয়ে বদামি তৎ) শৃণু, (তৎ) সর্বানন্দপ্রদায়কং, সর্বসৌখ্যকরং, নিত্যং, ভুক্তিমুক্তিবিশারদম্।।৫৬

সেই ধ্যান সম্বন্ধে বলিতেছি, শ্রবণ কর। উহা অত্যানন্দপ্রদ, উহাতে বিষয়ানুভূতি জন্য কষ্টের লেশমাত্র নাই বলিয়া উহা সর্বসৌখ্যকর, উহা নিত্য এবং বিলোপশূন্য এবং বিশাল জ্ঞানপ্রদ বলিয়া, ভোগ এবং মুক্তি সম্বন্ধে উহার দ্বারা অবগতি হয়।

অর্থাৎ, কূটস্থধ্যানে থাকিবার জন্য যে ক্রিয়া করা যায়, তাহা জগৎ সম্পর্কে কষ্ট নিবারণের জন্য করা হয়, সুতরাং তদ্রূপ ধ্যান নিত্যভাবে স্থায়ী হয় না বলিয়া সর্বানন্দপ্রদ নহে; পরন্তু তদ্রূপ ধ্যান অভ্যাসের দ্বারা ক্রমশঃ স্থায়ী হয়, তখন জীব ক্রিয়ার পরাবস্থায় আসে, ক্রিয়ার পরাবস্থায় ক্রিয়ার অভ্যাস নিষ্প্রয়োজন হয় কারণ ধ্যানে স্থিতিলাভ করাই ক্রিয়ার উদ্দেশ্য এবং ক্রিয়ার পরাবস্থায় ব্রহ্মসঙ্গে নিত্যভাবে থাকা হেতু ব্রহ্মধ্যান সর্বানন্দপ্রদ হয়, তখন জাগতিক সম্বন্ধ নাই বলিয়া কষ্টেরও সম্পর্ক ঘুচিয়াছে, সুতরাং ঐ ধ্যান সর্বসৌখ্যকর। ঐ ধ্যান ভোগ ও মুক্তির বিশালজ্ঞানপ্রদ অর্থাৎ, ক্রিয়াশীল সাধকের কূটস্থ ধ্যান হইতে স্খলিত হইয়া সময়ে সময়ে জগতের বশে আসিতে হয় বলিয়া, তদ্রূপ কূটস্থধ্যানে থাকিয়াও সুখদুঃখের উপভোগ হয় বলিয়া সাধকের প্রতি মোহের অধিকার সম্যক্‌ভাবে ঘুচে নাই বুঝিতে হইবে। পরন্তু, কূটস্থধ্যান নিত্যভাবে স্থায়ী হইলে, ক্রিয়ার অনাবশ্যকতা হেতু, সাধক ক্রিয়ার পরাবস্থায় স্থিতিলাভ করে। তখনই জীব বিশালজ্ঞান সম্পন্ন হয়, তখনই জীব ভোগের অসারত্ব এবং মুক্তির মাহাত্ম্য বুঝিয়া থাকে। ৫৬ *...ক্রমশঃ*

(কলিকাতা—আদিনাথ-আশ্রম হইতে প্রকাশিত ও
সর্বসত্ত্ব সংরক্ষিত)

যোগীশ্বর রূপে শ্রীশ্রীসরোজ বাবা

প্রসঙ্গ (৪১)

শ্রীশ্রীকিশোরী ভগবানের সান্নিধ্যে শ্রীশ্রীবাবা —

শ্রীবিজ্ঞান জ্যোতি শ্যাম শ্রীশ্রীমায়ের একজন কাকাবাবু। ইনি ছিলেন শ্রীশ্রীবাবার অনন্য ভক্ত ও শিষ্য। এঁনার নিকট হতে শ্রীশ্রীবাবার অতীন্দ্রিয় দিব্য জীবনের কিছু ঘটনা শ্রীশ্রীমা শুনেছেন।

আমাদের শ্রীশ্রীবাবা মিষ্টি দই খেতে ভীষণ ভালোবাসতেন। শ্রীশ্রীবাবার বাড়ীর কাছে জয়দেবের দোকানের দই বাবা হামেশাই খেতেন। একদিন শ্রীশ্রীবাবার দই খাবার ভীষণ ইচ্ছা হয়েছে কিন্তু সেদিন নানা কারণে তিনি দই খেয়ে উঠতে পারেননি। সেইদিনই মধ্যরাত্রিতে মশারির

শ্রীশ্রীকিশোরী ভগবান

মধ্যে তিনি শুয়ে রয়েছেন, এমন সময় দেখলেন অপূর্ব স্নিগ্ধ চন্দ্রমার জ্যোতি নিয়ে ভগবান শ্রীকিশোরী মোহন তাঁর ঘরে আবির্ভূত হলেন! শ্রীশ্রীবাবার মশারি তুলে তাঁর নাম ধরে ডেকে কিশোরীবাবা মশারির ভিতরে গিয়ে বসলেন। ততক্ষণে শ্রীশ্রীবাবাও উঠে বসেছেন। কিশোরী ভগবান শ্রীশ্রীবাবাকে বললেন, ''এই তোমায় দই খাওয়াতে এলাম, তুমি দই এত ভালোবাস? আজ তোমায় আমার জগতের দই খাওয়াব, দেখবে তার স্বাদ তুমি কোনদিনও ভুলতে পারবে না'' এই বলে তিনি অপূর্ব সুন্দর একটি পাত্রে দই নিয়ে শ্রীশ্রীবাবাকে খেতে দিলেন। শ্রীশ্রীবাবা পাত্র হাতে নিয়ে ভগবানকে বললেন, ''আপনি আমার সঙ্গে খাবেন না?'' এতে ভগবান বললেন, ''আমি শুধু তোমাকেই দই খাওয়াতে এসেছি, তুমি খাও।'' শ্রীশ্রীবাবা তখন দই খেতে লাগলেন। এমন অপূর্ব স্বাদের দই, তিনি এ জীবনে কোনদিন খাননি। পরমতৃপ্তিতে দিব্যস্বাদ সম্পন্ন দই শ্রীশ্রীবাবা অনেকক্ষণ ধরে খেয়ে দিব্যস্বাদ আস্বাদন করলেন। শ্রীশ্রীবাবাকে দই খাইয়ে শ্রীভগবানও পরমতৃপ্ত হলেন। তারপর আবির্ভূত ভগবান শ্রীশ্রীবাবার নিকট বিদায়ের পূর্বে জিজ্ঞাসা করলেন, ''দই কেমন?'' শ্রীশ্রীবাবা বললেন ''এমন অপূর্ব দই আমি কখনো খাইনি, এ দই কোথাকার?'' শ্রীভগবান বললেন, ''এ দই আমাদের নিত্য-জগতের দিব্যবস্তু,'' এই কথা বলে শ্রীভগবান অন্তর্হিত হলেন আর তাঁর সঙ্গে তাঁর চন্দ্রমার জ্যোতিও অন্তর্হিত হল। শ্রীশ্রীবাবা সেই দিনটি পরমানন্দে কাটিয়েছিলেন। এরপরে আর দই খাবার জন্য কোনদিন শ্রীশ্রীবাবার তীব্র বাসনা হয়নি।

(উপরিউক্ত ঘটনা আমি শ্রীশ্রীমায়ের নিকট শ্রুত হই। শ্রীশ্রীমা বলেছেন,''দিব্যের লীলা বড়ই আশ্চর্য্য ও অদ্ভুত।'')

প্রসঙ্গ (৪২)

শ্রীশ্রীকিশোরী ভগবানের সঙ্গে শ্রীশ্রীবাবার আরও একটি মধুর ঘটনা রয়েছে। তখন শ্রীশ্রীবাবা সবে শ্রীশ্রীমায়েদের পিতৃগৃহতে যেতে শুরু করেছেন। আমাদের শ্রীশ্রীমা তখন পিত্রালয়েই অবস্থান করতেন, তাই শ্রীশ্রীবাবাও প্রত্যহ রাত্রিকালে তাঁর সূক্ষ্মশরীরে সেখানে যাতায়াত করতেন। শ্রীশ্রীমায়ের পিতার পরিবারের কয়েকজন শ্রীশ্রীবাবার পূর্বজন্মের পরমভক্ত ও শিষ্য ঐ পরিবারে জন্মগ্রহণ করেন। তাই শ্রীশ্রীবাবা এই শ্যাম পরিবারের সঙ্গে পরম হৃদ্যতা স্থাপন করেন। এমনটি আর বিশেষ কোথাও দেখা যায় না।

একদিন রাত্রিকালে শ্রীশ্রীবাবা ওই বাড়ীতে পৌঁছিয়ে সিঁড়ি দিয়ে উঠে শ্রীশ্রীমায়ের ঘরের দিকে যাচ্ছেন এমন সময় দেখলেন অন্য এক কক্ষ হতে দিব্য জ্যোতি নিয়ে ভগবান কিশোরী মোহন বেরিয়ে এসে শ্রীশ্রীবাবাকে বললেন, ''এই তুমি যখন আসছ তখন এখন থেকে আমার আর আসার প্রয়োজন নেই।'' তখন শ্রীশ্রীবাবা তাঁকে বললেন, ''তা কেন? আমি তো কয়েকজনের কাছে আসি মাত্র, আর তোমাকে তো এ পরিবারের অন্য সকলকে দেখতে হবে। সুতরাং তোমাকেও আসতে হবে। এক জায়গায় দুজন কি আসতে পারে না?'' শ্রীভগবান তখন শ্রীশ্রীবাবার কথা সমর্থন করে তিনিও পূর্বাপর আসবেন কথা দিলেন। এরপর থেকে তাঁদের নিত্যই দেখা সাক্ষাৎ হোত।

সদ্‌গুরু ভগবান। তাঁরা এইভাবেই সকলের অলক্ষ্যে ভক্তের মঙ্গল করেন।

প্রসঙ্গ (৪৩)

এ জগতে সদ্‌গুরু খুব বিরল। ওনারা ওনাদের ইচ্ছাশক্তিতে অসম্ভবকে সম্ভব করতে পারেন মুহূর্তমাত্রেই। আমি এরকম এক মহাশক্তিধর জগৎগুরুর কৃপা পেয়েছিলাম।

আমি এবং আমার গুরুভাইয়েরা অনেক সুন্দর ঘটনার সাক্ষী। আমাদের এক গুরুভাই বাপিদা আমাদের এই লাহিড়ী বাবার খুব কাছের একজন সুদক্ষ ক্রিয়াবান সন্তান। এক সময় বাবার সর্বক্ষণের সঙ্গী ছিলেন এবং বহু ঘটনার সাক্ষী। সেই বাপিদার কথাতেই কয়েকটি ঘটনার কথা উল্লেখ করছি।—

''বাবার কাছে আমরা (বাপিদা ও তার বোনেরা) সৎসঙ্গ করতাম। সেই সময় কল্পনা নামক একজন গুরুবোন আমাদের সঙ্গে থাকত; কল্পনার বাড়ী ছিল আমার বাড়ীর পাশেই অর্থাৎ বাকসাড়া হাইস্কুলের পাশেই। তার দাদা, সমীর একটা কিডনীর অসুখের জন্যে তলপেটে প্রচণ্ড যন্ত্রণা ভোগ করত। কল্পনা তখন শ্রীশ্রীবাবাকে তাদের বাড়ীতে নিয়ে আসত এবং বাবা বিভিন্ন গল্প করতে করতে সমীরের তলপেটে জল দিয়ে হাত বুলিয়ে দিতেন এবং তখন সমীরদার যন্ত্রণা লাঘব হতো। এইরকম যখনই সমীরদার যন্ত্রণা হতো তখনই বাবা গিয়ে যন্ত্রণার উপশম করে দিতেন। একদিন তখন রাত প্রায় ১১টার সময় সমীরদার তলপেটে প্রচণ্ড যন্ত্রণা শুরু হল এবং তার মনে হল যেন এখনই তিনি হার্ট ফেল করবেন। বাবা খবর পেয়ে আমাকে (বাপিদা) এবং গোপালকে (আরেক গুরুভাই) সঙ্গে করে সমীরদার কাছে গিয়ে তলপেটের উপরে হাত দিয়ে কিছুক্ষণের জন্য ধ্যানস্থ হলেন এবং তাতে পেটের যন্ত্রণা একেবারে কমে গেল এবং সবচেয়ে আশ্চর্য্যের ব্যাপার যে তারপরবর্তীতে সমীরদা পুরোপুরি সুস্থ হয়ে উঠলেন এবং সেই সমীরদা আজও বহাল তবিয়তে আছেন। জগৎগুরুর কৃপা ঠিক এইভাবেই বর্ষিত হয়।''

যখন আমি শ্রীশ্রীবাবার এবং শ্রীশ্রীমায়ের ধ্যানে থাকি তখন আমি যেন মানস চক্ষে অনুভব করি বাবা দেবাদিদেব মহেশ্বর হয়ে হিমালয়ে যোগে রয়েছেন আর শ্রীশ্রীমা, পার্বতী রাজরাজেশ্বরী অন্নপূর্ণা হয়ে পৃথিবীর সন্তানদের উপর অপার করুণা বিলিয়ে দিচ্ছেন। *...ক্রমশঃ*

—পিতৃচরণাশ্রিত শ্রীপ্রদীপ চট্টোপাধ্যায়, শিবপুর, হাওড়া

যোগ প্রসঙ্গে উপলব্ধিত আলোকে

প্রশ্ন ৪০ : মায়া ও মোহ কিভাবে দূরীভূত করা যায়?

উত্তর : প্রাণের চঞ্চলভাব হইতে স্বার্থভূত যে 'আমি' বা 'আমার' বোধ হয়, উহাই 'মায়া'। মায়া কালের সঙ্গে ওতঃপ্রোতভাবে সংযুক্ত থাকে। মায়াশক্তি পরমেশ্বর হইতে উদ্ভূত হইলেও সৃষ্টি মধ্যে দুস্তরা। বিবেক-বুদ্ধির আলোকে মনকে সংযত রাখিতে পারিলে তখন প্রজ্ঞালোকে সেই অলৌকিকী অত্যদ্ভুতা শক্তি সত্ত্বাদিগুণবিকারাত্মিকা মায়া দূরীভূত হইয়া সত্য-দর্শন হয়। বৃত্তিসারূপ্যে বা আত্মায় 'আমি-আমার' বোধ নাই কারণ সেখানে মায়া নাই। এই বৃত্তিসারূপ্যে মন বা চিত্তকে সংযম প্রয়োগের দ্বারা আত্মস্থ করিতে পারিলে মন স্থির হয়। আত্মায় মায়া নাই এখানে মন রাখিতে পারিলে সাধকের দৈবী গুণ প্রাপ্তি হয় আর মায়ায় মোহিত হইতে হয় না। আত্মভাব হইতে বিযুক্ত থাকিলে, অর্থাৎ, মনের গতি পার্থিব বিষয়াদিতে যুক্ত থাকিলে মায়াকে অতিক্রম করা তো যায়ই না বরঞ্চ মোহের পাশে আবদ্ধ থাকিয়া মলিনতা যুক্ত হয়। যাহার ফলে নিদারুণ কর্মফল সঞ্চিত হইতে থাকে। আত্মভাবই কূটস্থ ব্রহ্ম। যে সর্বদা ক্রিয়া সাধন করে এবং আত্মায় থাকে তাহার প্রাণের চঞ্চলতা থাকে না; সুতরাং এ অবস্থায় সাধক ব্রহ্মস্বরূপের সংস্পর্শে শুদ্ধ ও বুদ্ধ হন এবং মায়া-মোহকে অতিক্রম করিতে সক্ষম হন। প্রাণের চঞ্চলতাই মনের চাঞ্চল্য। সেই চঞ্চল মন থাকিতে আত্মস্বরূপকে কেহই অবগত হইতে পারেন না। আকাশ যেমন আকাশে গিয়া মিশে, তেমন চঞ্চল প্রাণও স্থির প্রাণের সঙ্গে গিয়া মিশে।

অন্ধকার যে গৃহকে আশ্রয় করিয়া থাকে তাহাকেই সে আবৃত করে, এই প্রকার চঞ্চল প্রাণ যে স্থির প্রাণের বা আত্মার আশ্রিত, সেই চিরস্থির ভাবকে সে আচ্ছাদিত করিয়া রাখে। আত্মক্রিয়ারূপ প্রাণায়াম দ্বারা এই চঞ্চল প্রাণকে স্থির করিতে পারিলে তখন সে স্থির প্রাণের সহিত একীভূত হইয়া যায়। চঞ্চল প্রাণ ক্লেশদায়ক। যাহার শক্তিতে পরিচালিত হইয়া মন বিষয় হইতে বিষয়ান্তরে ধাবিত হয় এবং দুঃখ-কষ্ট প্রাপ্ত হয়, সেই মন যদি শুভেচ্ছার বশবর্তী হইয়া আত্মক্রিয়া দ্বারা তাঁহার শরণাগত হয়, তখন সেই আত্ম-বিদ্যার প্রভাবে দুস্তর মায়ারূপা চাঞ্চল্যভাবকে অতিক্রম করিতে সাধক সক্ষম হন। শুধুমাত্র ক্রিয়া মন দিয়া করিলেই হয় না, সদ্‌গুরু-উপদেশ শিরোধার্য্য করিয়া, অন্তরে গ্রহণ করিয়া, নিজ অসংযত স্বভাবের প্রতি লাগাম দিয়া তবে নিয়ম এবং অভ্যাস সাধন করিলে তখন কিছুদিনের মধ্যেই

মানসিক স্থৈর্য্য উপলব্ধি করা যায়। সাধন সময়ে সর্বক্ষেত্রেই সদ্‌গুরু-শরণাগতি চাই। আবরণ ও বিক্ষেপ শক্তিদ্বয়ই অবিদ্যা বা প্রকৃতি। ইহাই চঞ্চল প্রাণ, আর স্থির প্রাণই আত্মা বা শিব। সদ্‌গুরু শরণাগত ব্যক্তিই এই মায়াকে অতিক্রম করিতে পারেন; অর্থাৎ, তাঁহার চঞ্চল প্রাণ স্থিরভাব প্রাপ্ত হইয়া শিবাবস্থায় উপনীত হয়। অতএব কোন দিকে না দেখিয়া গুরুবাক্যে বিশ্বাস করিয়া অটল শ্রদ্ধার সহিত ক্রিয়া-সাধন করিয়া যাও, তাহা হইলেই তোমার বারংবার জন্মমৃত্যুর চক্রে পতিত হইয়া পিষ্ট হইবার ক্লেশ ঘুচিয়া যাইবে। ত্রিতাপ জ্বালা নির্বাপিত হইবে। ক্রিয়া করিতে করিতে কূটস্থে স্থিতি হইলে দৈবীগুণ সকল সাধককে আশ্রয় করে। আত্মস্থ হইয়া যে সাধক অবস্থান করিতে সক্ষম হয় সে মায়ার রূপ দেখিতে পায় এবং মহামায়াকে (আত্মশক্তিকে) জ্ঞাত হইয়া নিজ জীবনকে ধন্য করে। মহামায়ার প্রসাদে তখন সে তার দুস্তরা মায়াকে অর্থাৎ ভ্রমাত্মক বৃত্তিকে অতিক্রম করিতে পারে।

—শ্রীশ্রীমা সর্বাণী

যৌগিক চেতনায় শ্রীশ্রীচণ্ডীতত্ত্ব

ষষ্ঠবিংশ পর্য্যায়—

শ্লোক :— *উত্তস্থৌ চ জগন্নাথস্তয়া মুক্তো জনার্দ্দনঃ।*
একার্ণবেঽহিশয়নাত্ততঃ স দদৃশে চ তৌ।।৬৮
মধুকৈটভৌদুরাত্মানাবতিবীর্য্যপরাক্রমৌ।
ক্রোধরক্তেক্ষণাবত্তুং ব্রহ্মাণং জনিতোদ্যমৌ।।৬৯

শব্দার্থ :— উত্তথৌ - উঠলেন, একার্ণবে অহিশয়নাৎ - মহাসমুদ্রে সর্পশয্যা হতে, ক্রোধ-রক্ত-ঈক্ষণৌ - ক্রোধে আরক্ত চক্ষু, অত্তুং - ভক্ষণ করতে।

বাংলা শ্লোকার্থ :— যোগনিদ্রা মুক্ত জগন্নাথ জনার্দ্দন মহাসমুদ্রে সর্পশয্যা হতে উত্থিত হয়ে দেখলেন দুরাত্মা পরিক্রমশালী আরক্ত চক্ষু মধুকৈটভ ব্রহ্মাকে ভক্ষণ করতে উদ্যত।

যৌগিক ব্যাখ্যা :— মন স্বভাবতঃ চঞ্চল। কিন্তু জগতে সত্য প্রতিষ্ঠা হলে অর্থাৎ সর্ব বস্তুই যে 'মা', এই অনুভূতি প্রত্যক্ষ উপলব্ধি হলে চঞ্চল মন সর্বদা মাতৃ সাযুজ্যে থাকতে চায়। কিন্তু বহু জন্ম-জনিত প্রারব্ধ সংস্কাররূপ এই অসুরদ্বয় তাকে বহুভাব আস্বাদনের জন্য চঞ্চল করতে উদ্যোগী হয়। ইহাই অসুরদ্বয় মধুকৈটভের ব্রহ্মাকে ভক্ষণ করার চেষ্টা।

যোগনিদ্রারূপিণী মহামায়া সমষ্টি প্রাণরূপী বিষ্ণুকে প্রবুদ্ধ করেন বলে প্রাণ সংস্কার বিলয়ে উদ্যত হয়। বাস্তব সংসারেও লক্ষণীয় যে, জগৎ-মাতা যতদিন জীবের সংসার-আসক্তি রূপ মোহনিদ্রা না ভাঙেন, ততদিন জীব জগৎ মোহে মুগ্ধ থাকে।

শ্লোক :— *সমুত্থায় ততস্তাভ্যাং যযুধে ভগবান হরি।*
পঞ্চবর্ষ সহস্রাণি বাহুপ্রহরণো বিভুঃ।।৭০

বাংলা শ্লোকার্থ :— অতঃপর ভগবান হরি নিদ্রাত্যাগ করে উঠে পাঁচ হাজার বছর অসুরদ্বয়ের সাথে বাহুযুদ্ধ করলেন।

যৌগিক ব্যাখ্যা :— মন্ত্রে বিষ্ণুকে ভগবান হরি ও বিভু বলে বর্ণনা করা হয়েছে। যিনি সর্ব ঐশ্বর্য্যবান, অমিত শক্তিধর এবং সর্বসংহারক, তিনিই এই সকল বিশেষণে ভূষিত হতে পারেন। এইসব গুণ না থাকলে অসুর নিধন হয় না।

বিষ্ণু মধুকৈটভের সাথে পাঁচ হাজার বছর বাহুযুদ্ধ করলেন পঞ্চবর্ষ সহস্রাণি শব্দের আধ্যাত্মিক অর্থ - পঞ্চ অর্থে রূপ, রস, শব্দ, স্পর্শ, গন্ধ এই পঞ্চ বিষয়; বর্ষ শব্দের অর্থ স্থান এবং সহস্র শব্দে অসংখ্য বুঝায়। পঞ্চবর্ষ সহস্রাণির অর্থ অসংখ্য ভেদ বিশিষ্ট পঞ্চ-বিষয়ের অনুভূতি স্থান। বাহুপ্রহরণ অর্থে, বাহু যাহার প্রহরণ, তিনিই বাহু প্রহরণ। বাহুকে গ্রহণেন্দ্রিয় বা আদান শক্তি বলে। প্রাণশক্তি বহুজন্ম সঞ্চিত সংস্কারের বহির্মূখীনতা রোধ করে আপনাতে বিলীন করার জন্য আদান শক্তি প্রয়োগ করেন। সংস্কার বৃত্তিগুলি স্থূলে প্রকাশিত হবার জন্য বিষয়ের প্রতি ধাবিত হয় আর প্রাণ পশ্চাৎ হতে দুহাতে ধরে আপন অঙ্গে বিলয় করেন। ইহাই মধুকৈটভের সাথে বিষ্ণুর বাহুযুদ্ধ।

শ্লোক :— *তাবপ্যতিবলোন্মত্তৌ মহামায়া-বিমোহিতৌ।*
উক্তবন্তৌ বরোঽস্মত্তো ব্রিয়তামিতি কেশবম্।।৭১

শব্দার্থ :— বলোন্মত্তৌ - বল গর্বিত, বিমোহিতৌ - মুগ্ধ হয়ে, অস্মত্তৌ - আমাদের নিকট, ব্রিয়তাম্ - প্রার্থনা করা।

বাংলা শ্লোকার্থ :— বলোন্মত্ত সেই অসুরদ্বয় তারপর, মহামায়া দ্বারা মুগ্ধ হয়ে বিষ্ণুকে বলল - "আমাদের কাছে বর চাও।"

যৌগিক ব্যাখ্যা :— ব্রহ্মার আরাধনায় তুষ্ট হয়ে মহামায়া মধুকৈটভকে মোহিত করে প্রভাবিত করলেন। মধুকৈটভ অতি বলদর্পী। আনন্দ ও বহুভাবেচ্ছা "একমস্মিবহুস্যাম" এই সংস্কার ব্রহ্ম সঞ্জাত, তাই অতিশক্তিধর। বিপরীতে জীবভাব ব্রহ্মভাবে উত্তরণ জন্য যে সংস্কার, তা অতি দুর্বল, কারণ ইহা

জীবভাবীয় সংস্কার। দুর্বলের দ্বারা প্রবলকে উচ্ছেদ করা যায় না। তাই মহামায়া দুর্দম অসুরদের আত্মস্বরূপ প্রকাশ করে মোহিত করলেন। তখন বহুত্ব সংস্কাররূপী অসুরদ্বয় মাতৃসত্ত্বায় বিমুগ্ধ হয়ে নিজেদের বিনাশ সাধনের জন্যই কেশবকে বলে, ''আমাদের কাছে বর নাও।''

শ্রীভগবানুবাচ—

শ্লোক :— *ভবেতামদ্য মে তুষ্টৌ মম বধ্যাবুভাবপি।*
কিমন্যেন বরেণাত্র এতাবদ্ধি বৃতং মম।।৭২

বাংলা শ্লোকার্থ :— ভগবান বললেন, আমার প্রতি তোমরা তুষ্ট হয়ে থাকলে তোমরা আমার বধ্য হও। ইহাই আমার প্রার্থিত বর, অন্য কোন বর চাই না।

যৌগিক ব্যাখ্যা :— ভগবান বিষ্ণু অসুর ভ্রাতৃদ্বয়কে তাদের দেওয়া বরের জন্য উভয়কে বধ করতে চাইলেন ব্রহ্মাকে বিপদমুক্ত করার জন্য। তাহলে ব্রহ্মা স্বরূপ মন সংস্কার শূন্য হয়ে মাতৃবোধে অচঞ্চলভাবে সংলীন হতে পারে। মাতৃপ্রভাবে অসুরদের হৃদয়ের যে পরিবর্তন হল, তা অচিন্ত্যনীয়। তাদের এই দিব্য পরিবর্তনের ফলে ভগবান বিষ্ণুর হাতে তাদের জীবন যন্ত্রণা থেকে মুক্তি পাবার আকাঙ্ক্ষার উন্মেষ। প্রসঙ্গতঃ উল্লেখ করা যায়, যোগী সাধকও যদি সাধনায় পূর্ণ আত্মবলি না দিতে পারে তাহলে আত্মোপলব্ধির পথে অগ্রসর হতে পারে না।

...ক্রমশঃ

—অধ্যাপক শ্রীহরপ্রসাদ রায় (অবসরপ্রাপ্ত)
বহরমপুর কলেজ, মুর্শিদাবাদ

আধ্যাত্মিক প্রশ্নোত্তরী
(বুদ্ধ পূর্ণিমা, ২০১৭)

১) 'প্রজ্ঞান' কি?

উঃ — প্রাকৃতভূমির ওপারের জ্ঞান হল 'প্রজ্ঞান'।

২) 'শ্রব' কি?

উঃ — 'শ্রব' হল প্রণব বা ওঙ্কার শব্দব্রহ্ম। ধ্যানযোগে যোগী প্রজ্ঞায় প্রতিষ্ঠিত হলে তখন ক্রমে যোগী জ্ঞানরূপ বোধের সীমানাকে প্রসারিত করতে থাকেন। তখন ক্রমে যোগীর হৃদয়াকাশে ধ্বনিত হয় শব্দব্রহ্মরূপী বাক্ বা ব্রহ্মঘোষ। হৃদয়ের চিদাকাশ বিকীর্ণ করে সে বাণী যোগীর শ্রুতিগোচর হয়। এই বাণীই হল অনাহত বাণী। এই হল স্ফোট্, প্রণব বা ওঙ্কার, তার আর এক নাম 'শ্রব'।

৩) 'প্রাণের শোধন' কি?

উঃ — প্রাণায়ামের দ্বারা প্রাণের চঞ্চল অবস্থার স্থিরীকরণকে প্রাণের শোধন বলে।

৪) 'নিরোধ যোগ' কি?

উঃ — ইড়া নাড়ী, সূর্য্যনাড়ী আর পিঙ্গলা নাড়ী, চন্দ্রনাড়ী; একটি প্রবৃত্তির বাহক আর একটি নিবৃত্তির। দুটি নাড়ীতে প্রাণের প্রবাহ যখন সম্মিলিত হয় অর্থাৎ, প্রবৃত্তি ও নিবৃত্তির যদি সাম্য হয়, তাহলে সুষুম্না নাড়ীর পথ খুলে যায়। কুণ্ডলিনী শক্তির অগ্নিময় ধারা তখন বজ্রদীপ্তিতে উজানে বইতে থাকে। ভ্রূমধ্যে আজ্ঞা চক্র স্থানে এটি ঘটে। উপনিষদে এ অবস্থাকে 'নিরোধ যোগ' বলে।

৫) 'ব্রহ্ম সংস্পর্শ' কি?

উঃ — যোগীর আধারে অমৃত চেতনার প্রতিষ্ঠা হলে পরে ভিতরে আনন্দধারা ঋতচ্ছন্দা হয়ে সাধকের স্বভাবের প্রকাশের মধ্যে ফুটে ওঠে। যোগীর এই স্বভাবের সামরস্য অবস্থাকেই বলে 'ব্রহ্ম সংস্পর্শ'।

৬) 'চিদাকাশ' কাকে বলে?

উঃ — সুষুম্নার অন্তর্গত ব্রহ্মনাড়ী বা ব্রহ্মমার্গের আকাশকে 'চিদাকাশ' বলে।

৭) তত্ত্বজ্ঞান সাধকের অন্তরে কখন স্ফুরিত হয়?

উঃ — স্থির বুদ্ধি আর বোধির সমন্বয় হয় হৃদয়ে। সেই সমন্বয় হতেই সাধক-যোগীর অন্তরে তত্ত্বজ্ঞান স্ফুরিত হয়।

৮) সত্ত্ব-রজ-তম, এই তিনগুণের সমরস্য অবস্থা হয় কখন? তিন গুণের সমতায় কিসের স্ফুরণ হয়?

উঃ — যখন যোগীর সকল প্রবৃত্তি নিবৃত্ত হয়ে যায় তখন তিন গুণের সমরস্য অবস্থা হয়। তিন গুণের সমতায় যোগীসত্তার স্বভাবে 'দিব্য সংস্কার' স্ফুরিত হয়।

৯) 'ধ্যান' কি?

উঃ — ধ্যান হল যোগী-হৃদয়ে প্রজ্ঞার উন্মেষে সত্তার আত্মস্থ অবস্থা বিশেষ।

১০) 'চিৎ-অগ্নি' কি?

উঃ — জ্ঞানাগ্নিই হল আত্মসত্তার অস্তিত্ববোধের 'চিৎ-অগ্নি'।

নিত্যসিদ্ধ মহাত্মার দিব্যদর্শনে—শ্রীরামকৃষ্ণ লীলা

শ্রীবিষ্ণুপদ সিদ্ধান্ত ঠাকুর

(৩২)

রামকৃষ্ণদেব - ''কি বল্‌ছিস? বৃষ্টি পড়ছে? ভিজে গেছিস্? বৃষ্টিটা রাস্তায় পাওয়া গেল? না ঘর থেকে বেরুবার সময়ে মাথায় করে এনেছিস্? মাথায় করে আনা বৃষ্টিতে তো শুধু মাথাই ভিজবে গায়ের ভেতর তো যাবে না, রাস্তায় পাওয়া বৃষ্টিতে তো গা-মাথা দুই-ই ভিজবে - সত্যি কিনা বল্!''

বিবেকানন্দ — ''আপনার কথা বুঝতেই পারলুম না, যা বুঝতে পারা যায় না, তার সত্য মিথ্যা কেমন করে বিচার করব?''

রামকৃষ্ণদেব হাসিমুখে বুঝিয়ে বলতে লাগলেন—''মনের একাগ্রতা যখন উপচে পড়ে তখন ভেতরের আগুন দাউ দাউ করে জ্বলে, তখন মানুষের বাইরের আবরণটা ছাতার কাজ করে, ভেতরের আগুন নিববে কেমন করে? কাজেই ঘর থেকে বেরোবার সময় যদি বৃষ্টি পড়ে আর সে যদি ছাতার দিকে মন না দেয়, তবে কী তার মনের মাঝে দেবতার আসন পাতা হল না? আর দেবতার আসন পাতা হলে কি কেউ, বাইরের জগতের আশ্রয় নিতে পারে? মানুষ মনের মন্দিরে যখন পা দেয়, তখন কি তার শরীরটাই দেউল হয়ে তার অন্তরদেবীকে রক্ষা করে না; সেইজন্যই বলছি — ঘর আর বাহির — চণ্ডীদাসের কথা পড়িস্ নি - ঘরকে করিনু বাহির, বাহির করিনু ঘর।''



শ্রীবিষ্ণুপদ সিদ্ধান্ত ঠাকুর

বিবেকানন্দ মুগ্ধ আঁখি মেলে রামৃষ্ণদেবের দিকে তাকিয়ে বললেন — ''একেই বোধ হয় জড়ের মাঝে দেবতার বাণী প্রকাশ বলে; মানুষের সূক্ষ্ম অনুভূতি যখন জ্ঞানের আকারে বাইরে প্রকাশ পায় তখনই সে বাস্তব জগতের প্রতিটি অণু-পরমাণুর মাঝে দেবতার বিকাশ দেখতে পায়; এরই অপর এক নাম ব্রজের ধূলা। কৃষ্ণসকাশে থেকে প্রত্যেক গোপ-গোপিনীর মাঝে এমনি সূক্ষ্মদৃষ্টি ফুটে উঠেছিল সেইজন্য কৃষ্ণকেই শুধু নরনারায়ণ বলা চলেনা তিনি ছিলেন, সেই আদিশক্তি বা ভগবান, আর গোপ-গোপিনীদের বলা যায় - নরনারায়ণ। আপনারও এই সূক্ষ্ম অনুভূতির বিচার দিয়ে বলা যায়, আপনিও সেই নরনারায়ণ বা স্বয়ং তিনিই।''

রামকৃষ্ণ —''আবার এসব কথা যারা বুঝতে পারে আর কৈফিয়ৎ দিতে পার তাদেরও বলা হয় কৃষ্ণসখা; একটির নাম নিষ্ক্রিয়, অপরটির নাম ক্রিয়, একটিকে কৃষ্ণ বলে, অপরটিকে বলরাম বলে, একজনের নাম শ্রীচৈতন্য, অপরটির নাম নিতাই, এরই নাম বেদ ও বাণী এবং ভগবান ও ভক্ত।''

বিবেকানন্দ —''আপনার পায়ের ব্রজধূলা যারই চোখে পড়বে তারই চোখ হয়তো এমনি ভাবেই খুলে যাবে, আশীর্বাদ করুন আমার এই চক্ষু যেন হারিয়ে না ফেলি।''

রামকৃষ্ণদেব সজল চোখে উত্তর দিলেন -''তুই হারিয়ে গেলে যে আমিও হারিয়ে যাব। কৃষ্ণসখা সুদামা হারিয়ে গেলে কৃষ্ণকথা কে কইবে?''

বিবেকানন্দ —''আপনি আমায় কী চোখে যে দেখেছেন, তা জানিনা, কিন্তু নিজেকে আপনার কাছে এনে দেখি আর মনে হয় —

এতই আমার কঠিন হৃদয়—
ঐ চরণ ছোঁবার যোগ্য আমি নই।
তবুও ভাবি, ঐ চরণধূলার জোরে,
পারব যেতে সাগর পারে —''

বিবেকানন্দের ভক্তি আপ্লুত মনকে খানিকটা সহজ করার সুরে, রামকৃষ্ণদেব স্নিগ্ধহাসি ছড়িয়ে বললেন —''তুই আজ কি মা সরস্বতীর ধ্যানে পড়েছিলি? এমন জ্ঞানের প্রদীপ আলোকের সুর তো আগে তেমন শুনিনি — আজ একটা মায়ের নাম শোনাবি?''

বিবেকানন্দ আর কোন উত্তর না দিয়ে ওঁকারধ্বনি সুরে গেয়ে উঠলেন —

''মা! তুই, পারবি কি না বল্।
তোর চরণ তলের কমল কলি,
যদি পারে চরণ ছুঁতে—
মানুষ হয়েও তোমায় বলি
পারব না কি শির নোয়াতে?
রামকৃষ্ণ চরণ মাথায় দিতে;
পারবি কিনা বল্—
মা! তুই পারবি কিনা বল্!''

জীবনাভাস

মহাবতার বাবাজী মহারাজের শিষ্য শ্রীমাণিকলাল দত্তের জীবনী

(৩)

দৈববাণী ও জন্মরহস্য— *(পূর্ব প্রকাশিতের পর...)*

সন ১৮৬১ খৃষ্টাব্দে করুণ হৃদয় যোগীপ্রবর শ্রীশ্রীশ্যামাচরণ লাহিড়ী মহাশয় শ্রীশ্রীবাবাজী মহারাজের নিকট হইতে অভাবনীয় বর প্রাপ্ত হইয়াছিলেন, যে জগতের ত্রিতাপতাপিত নরনারী স্বল্পায়াসে সুদুর্লভ ক্রিয়াযোগ ও সাধনার পথে সিদ্ধিলাভ করিতে পারিবে। এই তথ্য তাঁহার জীবনী হইতে অবগত হইয়াছি।

শ্রীমাণিকলাল দত্ত

প্রসঙ্গতঃ তিনি এক সময়ে আরও বলিয়াছিলেন যে, ''চল্লিশ বৎসর পর মানব কল্যাণকর এই সহজ সাধন প্রণালী পৃথিবী ব্যাপী প্রসার লাভ করিবে।'' এই মহাপুরুষ ১৮৯৫ খৃষ্টাব্দে যখন তাঁহার মরদেহ ত্যাগ করেন মাণিকলালের বয়স মাত্র ৫ বৎসর। ১৯১১ সালে মাণিকলালের প্রতি শ্রীশ্রীবাবাজী মহারাজের কৃপা, দীক্ষা ও আদেশ এবং মাণিকলালের উত্তরকালের কর্ম্মপদ্ধতি, যোগীপ্রবর লাহিড়ী মহাশয়ের উক্ত অমর বাণীর সহিত যে অভূতপূর্ব সমন্বয় সাধন করিয়াছিল তাহা পর্য্যালোচনা করিলে বিন্দুমাত্র সন্দেহের অবকাশ থাকে না যে এই কার্য্য মাণিকলালের দ্বারা সাধিত হইয়াছিল। পুনরায় ১৯২৫ খৃষ্টাব্দ হইতে শুরু করিয়া ১৯৩৭ খৃষ্টাব্দ পর্যন্ত 'স্যার ক্যামেরণ কার' নামে ইংল্যাণ্ডের এক মহাসাধক যিনি মাণিকলালের একান্ত ভক্ত ছিলেন, তিনবার পৃথিবী পর্য্যটন করিয়া অখিল বিশ্বের ঋষিগণকে তুষ্ট করিয়া স্বীকারোক্তিলাভ করিয়াছিলেন, যে মাণিকলাল প্রদত্ত বিদ্যা সর্বজাতি সর্বধর্ম নির্বিশেষে একত্ব বিষয়ক প্রকৃষ্ট বিজ্ঞানশাস্ত্র। এই যোগীপুরুষ কার সাহেব, যাঁহার বিস্তৃত বিবরণ দ্বাদশ পরিচ্ছেদে সন্নিবেশিত হইল, ১৯১৯ খৃষ্টাব্দে দৈবসূত্রেই মাণিকলালের সহিত মিলিত হন ও যোগশাস্ত্র এবং তত্ত্বজ্ঞান লাভে আত্মনিয়োগ করেন।

শ্রীশ্রীরামকৃষ্ণ পরমহংসদেবের পবিত্র সান্নিধ্যলাভের জন্য মাণিকলালের পিতাঠাকুর মহাশয় রাণী রাসমণির গাড়ী যোগে প্রায়ই দক্ষিণেশ্বরে যাতায়াত করিতেন। একদিন প্রসঙ্গত পরমহংসদেব তাঁহাকে বলিলেন যে, ''চল্লিশ বৎসর পরে তোর বাড়ী অতীব আনন্দময় আশ্রমে পরিণত হবে এবং বহু দেশ বিদেশ হতে আগত ভগবৎ বিষয়ে আর্ত ও জিজ্ঞাসু ব্যক্তির আশ্রয়স্থল হবে।''

এই প্রসঙ্গে মাণিকলাল লিখিয়াছেন, "When I heard the news from my father, at a stage, I was roving, through the pleasing walk of inspiration, I trusted the message, to reap a harvest, in the lively Oracles of God."

শ্রীশ্রীবাবাজী মহারাজের পাশ্চাত্যের প্রভাব এবং সংস্কৃতি সম্বন্ধে পরিপূর্ণ সচেতনতার দৃষ্টান্ত পাওয়া যায়। তিনি পাশ্চাত্য দেশীয় ধর্মানুরাগী ও ধর্মাশ্রয়ীদের জন্য ভারতীয় আর্য ঋষিগণ কর্ত্তৃক প্রণীত দর্শনের মূলতত্ত্বের সহিত পাশ্চাত্যের প্রচলিত ধর্মাশাস্ত্রের সমন্বয় বিধানে কিছু লিখিবার জন্য শ্রীশ্রীশ্যামাচরণ লাহিড়ী মহাশয়ের শিষ্য শ্রীরামপুর নিবাসী শ্রীশ্রীযুক্তেশ্বরগিরি মহারাজকে আদেশ করিয়াছিলেন। মহাগুরুর আদেশের প্রতি অশেষ কৃতজ্ঞতা পরবশ হইয়া তিনি যে পুস্তক প্রণয়ন করিয়াছিলেন তাহা 'কৈবল্য দর্শন' নামে সুবিদিত।

মাণিকলাল বিগত ১৯১১ সাল হইতে ১৯৪৫ সাল পর্য্যন্ত দীর্ঘ ৩৪ বৎসরকাল একাদিক্রমে প্রধাণতঃ ইউরোপবাসী আর্ত, জিজ্ঞাসু সাধকদের শাস্ত্রজ্ঞান এবং তত্ত্বজ্ঞান বিতরণ করিয়াছিলেন । পাশ্চাত্য দেশের মনীষিগণ মাণিকলালকে 'Saint Paul' অপেক্ষাও উচ্চতর সাধক হিসাবে গণ্য করিতেন এবং তাঁহার বাণী প্রসঙ্গে তাঁহাদের অকপট উক্তি ছিল যে, "More pauline than Saint Paul" ক্রিশ্চান জগৎ "Second coming of our Lord"-এ বিশ্বাসী। মাণিকলালের কর্মের মধ্য দিয়া যে "Christ reproduced" হইয়াছিল তাঁহারা তাহার বারবার স্বীকৃতি দিয়াছিলেন। 'Saint Paul একস্থানে বলিয়াছিলেন, "I commend upto you Phoebe our sister which is a servant of the church, which is at Cenchrea (the port of Corinth) that ye receive her in Lord, as becomes the Saints"..... 'Phoebe' শব্দের অর্থ

'Rediant'; Cenchrea (a land of pandits) শব্দ 'চিনসুরা' (Chinsura) শব্দেরই অপভ্রংশ মাত্র এবং ইহা একসময় বন্দর (port) ছিল। Church -এর অর্থ "The body of the Christ the habitation of God through the Spirit."

পবিত্র বাইবেল গ্রন্থ হইতে খৃষ্ট অবতার সম্বন্ধে যে সমস্ত তথ্যাদি পাওয়া যায় তাহা হইতে এই সিদ্ধান্তেই উপনীত হওয়া যায় যে প্রভু যিশু প্রথমে "Dwelling house"-এ তাঁহার প্রিয় শিষ্য ও অনুরাগীদের সহিত গোপনে সভায় মিলিত হইতেন এবং এরই প্রথম সভাটি একটি "Dwelling house"-এর 'Upper room'-এ অনুষ্ঠিত হইয়াছিল।

মাণিকলাল কামারপাড়া বাজারস্থিত নিজ বাসগৃহের দ্বিতলে এক নিভৃত কক্ষে সাধন ভজন ও জ্ঞানানুশীলনের জন্য যোগযুক্ত অবস্থায় বিভোর থাকিতেন এবং সেই কক্ষে তাঁহার দৈবাশ্রিত ব্যক্তিদের ও অনুগত ভক্তবৃন্দের সহিত গুহ্যভাবে সঙ্গদান করিয়া তাঁহাদের ধন্য এবং কৃতার্থ করিতেন। ভক্ত শিষ্যদের সহিত গুপ্তভাবে মিলিত হইবার স্বপক্ষে তিনি প্রায়ই বলিতেন যে, ''এই ব্রহ্মবিদ্যা প্রকাশ্যে ব্যক্ত করিলে প্রভু যিশুর ন্যায় তাঁহারও 'Crucification' আনয়ন করিবে।'' একসময় 'Phoebe' সম্বন্ধে Saint Paul বলিয়াছিলেন, "She hath been a 'succourer' of many and myself also."

মাণিকলাল এই মহিলার পরিচয় উদ্‌ঘাটন প্রসঙ্গে বলিতেন যে ইনিই বর্তমানে Miss Sadie Cherry নাম ধারণ পূর্বক ইংল্যাণ্ডে স্যার ক্যামেরণ কার সাহেবের সহিত প্রত্যক্ষ লীলায় অংশগ্রহণ করিয়াছিলন। ১৯৬৭ সালে তাঁহার বয়স ছিল ৮৪ বৎসর। এই দৈবযুক্ত মহিলা মাণিকলালের সহিত সম্পূর্ণ অপ্রত্যাশিতভাবে যুক্ত হইয়া অন্তরে নানাভাবে ও বাহ্যে পত্রের আদান প্রদানে আপন ঈশ্বরীয় সত্তার প্রকাশ করেন। এ বিষয়ে পশ্চাতে সাধ্যমত কিছু কিছু তথ্য সন্নিবেশিত করিয়াছি।

মাণিকলালের কর্মধারাগুলি বিশ্লেষণে অনুধাবনে ইহাই স্পষ্ট হইয়া উঠে যে উল্লিখিত 'Scripture'-এ লিপিবদ্ধ দৈববাণীর সহিত সেগুলির যথেষ্ট মিল ছিল এবং মুখ্যতঃ ক্রিশ্চিয়ান জগতের জন্যই যে তাঁহার পূত আবির্ভাব ঘটিয়াছিল তাহাতে কোন সন্দেহেরই অবকাশ থাকে না।

...ক্রমশঃ

—শ্রীমাণিকলাল দত্তের শিষ্য,

শ্রীঅর্দ্ধেন্দু শেখর চট্টোপাধ্যায়

শ্রীশ্রীভগবান কিশোরী মোহনের পত্রাবলী

শ্রীঅমরেন্দ্র চন্দ্র শ্যামের গ্রন্থনায়, 'অখণ্ড মহাপীঠ' দ্বারা প্রকাশিত ভগবান শ্রীশ্রীকিশোরী মোহনের জীবনী গ্রন্থ 'বৃহৎ কিশোরী ভাগবত'-এর অন্তর্গত ভগবান কিশোরী মোহনের অমূল্য আধ্যাত্মিক উপদেশ সমৃদ্ধ পত্রাবলীর থেকে নিম্নলিখিত পত্রটি উদ্ধৃত করা হল।

পত্র নং (৭)

ওঁ

কাশীধাম

২২শে মাঘ, ১৩৪৫ বাং

শ্রীমতী সরলা - পরম কল্যাণীয়াষু,

তুমি প্রেতাত্মা সম্বন্ধে প্রশ্ন করিয়াছ, তদুত্তরে লিখিতেছি। যে সকল লোক সংসারে থাকিতে ভয়ানক আকৃষ্ট এবং যাহাদের ধর্মবুদ্ধি নাই, তাহারা মৃত্যুর পরে এই পৃথিবীতে থাকে এবং তাহার আত্মীয় স্বজন ও সম্পত্তিতে ঘুরিয়া বেড়ায় ও কষ্ট ভোগ করে। তাহারা কতদিন এইরূপ থাকিবে, তাহার নিশ্চয়তা নাই। গয়াতে পিণ্ডদানে কাহারও কাহারও এই অবস্থা হইতে অব্যাহতি হয়। কিন্তু যাহাদের কর্ম ও ভাব ভীষণ তদ্বারা তাহাদের অব্যাহতি হয় না। জীব যে সকল সুখ ও দুঃখ প্রাপ্ত হয়, তাহা নিজকৃত কর্মবশে। কর্মের যেমন বিভেদ আছে, সুখ ও দুঃখ ভোগেরও পরস্পরের বিভেদ আছে। ভোগান্তে পুনরায় জন্ম হয়, অথবা অন্য লোকে গতি হয়। কর্মফল ভোগ ব্যতীত নিষ্কৃতি নাই। প্রেতাবস্থাতেও সকলে সমানভাবে দুঃখ ভোগ করেন না।

এই পৃথিবীতে কোন ব্যক্তি বা বস্তুর উপর বিশেষ আকর্ষণ থাকিলেই গোলযোগ। যাহাদের মন সংসারের উপর বৈরাগ্যযুক্ত তাহাদের এরূপ ঘটিবে কেন? সংসার ও সাংসারিক বস্তুর উপর মায়া মমতা, আকর্ষণ ত্যাগ করাই উচিত। ইতি—

শ্রীকিশোরী মোহন

(*'বৃহৎ কিশোরী ভাগবত' গ্রন্থ হইতে সংগৃহীত*)

কুরুক্ষেত্র দেখে এলাম

(২)

ত্রেতা যুগে শ্রীরাম ও সীতা দেবীও আসেন কুরুক্ষেত্রে সূর্যগ্রহণের দিন। দ্বাপর যুগে শিশু-কৃষ্ণকে নিয়ে নন্দবাবা ও যশোদামা কুরুক্ষেত্রের শক্তিপীঠ 'ভদ্রকালীর মন্দিরে' কৃষ্ণের মস্তক মুণ্ডন সংস্কারে এসেছিলেন।

পণ্ডিতদের মতে কুরুক্ষেত্রে কুরু-পান্ডবের যুদ্ধ সম্ভবতঃ ৩১০২ খৃষ্টপূর্ব বা ১৪১৫ থেকে ১৯০০ খৃষ্টপূর্বের মধ্যে হয়েছিল। কুরুক্ষেত্রের যুদ্ধে কৌরবদের ১১ অক্ষৌহিনী সৈন্য ও পাণ্ডবদের ৯ অক্ষৌহিনী সৈন্য ছিল। এক অক্ষৌহিনী সেনায় ২১৮৭০ হাতি, ২১৮৭০ রথ, ১০৯৩৫ পদাতিক সৈন্য এবং ৬৫০০০ ঘোড়সওয়ার, অর্থাৎ, প্রায় দেড় লক্ষ সৈন্য থাকে। কুরুক্ষেত্রে বিশাল নির্জন প্রান্তর থাকায় এবং সরস্বতী নদীর বিপুল জল, জ্বালানির জন্য বিপুল বৃক্ষরাজী ও খাদ্যদ্রব্য প্রস্তুত করার ব্যবস্থা থাকায় কৌরবদের ২৪ লক্ষ এবং পাণ্ডবদের ১৫ লক্ষেরও বেশী সৈন্যদের নিয়ে দুই পক্ষই কুরুক্ষেত্রকে যুদ্ধক্ষেত্র রূপে নির্বাচন করে। কিন্তু মহাভারতের বর্ণিত সেই বিশাল নির্জন জনমানব শূন্য কয়েক শতক ক্রোশ পরিত্যক্ত ভূমি চোখে পড়ল না। অতীতের সঙ্গে বর্তমান কুরুক্ষেত্রের কোন মিল নেই। এখন কুরুক্ষেত্র বিলাসবহুল বিশাল বাণিজ্য কেন্দ্র হয়ে উঠেছে। বাঁধানো রাস্তাঘাট, দোকান, হোটেল, গাড়ী, রিক্সা, অটো, লরির অবিরাম ছুটোছুটি চলছে। শহরের মধ্যে কোথাও ফাঁকা মাঠ বা জমি দেখা যায় না, সব জায়গায় কংক্রিটের জঙ্গল হয়ে গেছে।

অক্ষয়বট

এতো গেল কুরুক্ষেত্রের ইতিহাস, ভূগোল ইত্যাদি পরিসংখ্যানের বৃত্তান্ত। এবার আমার কুরুক্ষেত্র ভ্রমণের কথায় আসা যাক। অমৃতসরে চামারি গ্রামে শ্রীশ্রীরামদাস কাঠিয়াবাবার স্মৃতি মন্দির দর্শন করে বেলা ২টায় অমৃতসরে বাসস্ট্যাণ্ডে এসে দিল্লীগামী বাসে বিকাল ৬টা নাগাদ পিপিলিতে নামলাম। এখান থেকে ৫ মাইল দূরত্বে কুরুক্ষেত্র। অটোতে করে কুরুক্ষেত্রে এসে একটা রিক্সা নিয়ে জাঠ ধর্মশালায় উঠলাম। বিশাল ধর্মশালা, আধুনিক সব সুবিধাই বর্তমান। পরের দিন ঐ রিক্সাওয়ালার সঙ্গে সকাল ৭টা নাগাদ কুরুক্ষেত্রের বিভিন্ন স্থান দেখতে বের হলাম। কুরুক্ষেত্রের ১৩ মাইল ব্যাসার্ধের মধ্যে ৩৬৫ হিন্দু তীর্থ ছিল। বর্তমানে মাত্র ১৪৬টি তীর্থ বর্তমান আছে। দুই দিনে সব তীর্থগুলি দর্শন করা সম্ভব নয়, তাই যে সব স্থান প্রধান প্রধান তীর্থ বলে কথিত আছে সেগুলিই দর্শন করেছি।

আমার রিক্সাওয়ালা প্রথমে চলল 'জ্যোতিসর' তীর্থ দেখাতে। এটি কুরুক্ষেত্র রেল স্টেশন থেকে ৮ কি.মি. দূরে সরস্বতী নদীর তীরে পেহয়া (Pehowa) রোডের উপর। এই স্থানটিকে শিবের (জ্যোতিসর মহাদেব) স্থান বলা হয়। স্থানীয় বাসিন্দারা এবং দূর-দূর থেকে বিভিন্ন রাজ্যের লোকেরা সূর্যগ্রহণের দিন এখানে বহু প্রাচীন সয়ম্ভূ শিবমন্দিরে এসে পূজা দেন। এই মন্দিরটি 'অক্ষয়বটে'র পাশে ডানদিকে অবস্থিত।

রিক্সা থেকে নেমে বিশাল মন্দির চত্বরে ঢুকলাম। সমস্ত মেঝে পাথর দিয়ে মসৃণ ভাবে বাঁধানো। বাইরে জুতো খুলে মন্দির প্রাঙ্গণের মধ্যে ঢুকে আমার আকাঙ্ক্ষিত 'অক্ষয়বটে'র সামনে এসে দাঁড়ালাম। এই সেই প্রসিদ্ধ 'অক্ষয় বট', যার তলায় রথের উপর দাঁড়িয়ে সারথি শ্রীকৃষ্ণ অর্জুনকে গীতার উপদেশ দিয়েছিলেন। বিশাল বটগাছটি সাদা মার্বেল পাথরে গোলাকৃতি ভাবে বাঁধানো। উপরে ওঠার জন্যে ছোট সিঁড়ি। সেই সিঁড়ি দিয়ে আমি বাঁধানো চত্বরে এসে দাঁড়ালাম। অক্ষয় বৃক্ষের চারদিকে উঁচু লোহার রেলিং দিয়ে ঘেরা, যাতে কেউ গাছ স্পর্শ করতে বা পাতা ছিঁড়তে না পারে। অক্ষয় বটের ডানদিকে খুব সুন্দর সাদা মার্বেল পাথরের রথ। রথে অর্জুন এবং রথের সারথি শ্রীকৃষ্ণের খুব সুন্দর মূর্তি। এখানে এসে দেখলে মনে হয় না যে এখানে কুরুক্ষেত্রের ধর্মযুদ্ধ হয়েছিল; সামনের দিকে, পাশে, পিছনে কোথাও কোনও ফাঁকা মাঠ বা প্রান্তর চোখে পড়ল না। চারদিকে শুধু ইঁট, কাঠ, বাড়ী, দোকান, প্রভৃতি কংক্রিটের জঙ্গল।

ভাবতে অবাক লাগে এখানে ১৮ অক্ষৌহিনী সৈন্যদের সমাগমে সঙ্গে রথ, হাতি, ঘোড়াদের নিয়ে এই প্রান্তর ভরে ছিল। যাই হোক, ৫০০০ বছর আগের কুরুক্ষেত্রের বুকের

উপর অনেক পরিবর্তন ঘটিয়ে আজকের এই জনাকীর্ণ ব্যস্ত শহরের রূপ নিয়েছে। অতীতে বিধর্মীদের আক্রমণ থেকেও কুরুক্ষেত্র রেহাই পায় নি।

অক্ষয়বটের বাঁ দিকে কিছুটা তফাতে একটা প্রাচীন সরোবর। চারদিক লোহার রেলিং দিয়ে ঘেরা। সুন্দর টলটলে জলে পূর্ণ এই সরোবরটির নাম জ্যোতিসরোবর বা জ্ঞান সরোবর। এটি লম্বায় ১০০০ ফিট প্রস্থে ৫০০ ফিট। অক্ষয় বটের ডান দিকে বহু প্রাচীন শিব মন্দির দেখলাম। নাম জ্যোতিসর মহাদেব। সূর্যগ্রহণের দিন বহু মানুষ এই মন্দিরে পূজা দিতে আসেন।

এরপর রিক্সাওয়ালা আমাকে নিয়ে গেল 'ভূরিসর বা ভৌর' তীর্থে। জ্যোতিসর থেকে ৪/৫ মাইল পশ্চিমে। এইস্থানে ভূরিশ্রবার মৃত্যু হয়। ইনি সূর্যের উপাসক ছিলেন। পরবর্তী কালে এখানে একটা সূর্য মন্দির তৈরী হয়। এখানে একটা সুন্দর সরোবর আছে। তীর্থযাত্রীরা এই সরোবরে স্নান করে রাস্তার অপর দিকে একটা শিব মন্দির আছে সেখানে গিয়ে পূজা দেন। এখানে যাত্রীদের মনোরঞ্জনের জন্য কুমারী মেয়েরা নাচ গান করে দর্শকদের আনন্দ দেয়।

এরপর আমি গেলাম 'কাম্যতীর্থ' বা কাম্যক বন দেখতে। জ্যোতিসর থেকে ৪ কি.মি. পূর্বে পেহয়া রাস্তার দক্ষিণে কামোধা গ্রাম। এর পশ্চিম দিকে 'কাম্যক' তীর্থ। এখানে শিবের একটা মন্দির আছে। এই বনে পাণ্ডবরা কয়েকটা দিন ছিলেন। *...ক্রমশঃ*

—মাতৃচরণাশ্রিত শ্রীবিজন কুমার সেনগুপ্ত

গীতা ভাবনা

(৩১)

গীতা এমন একটা গ্রন্থ যা ভারতীয়-অভারতীয়, বেদপন্থী-অবেদপন্থী, দার্শনিক, সাধক সকলকে আলোচনার ইন্ধন যুগিয়েছে। তাই ভারতীয় শাস্ত্রধারায় গীতার একটা বিশিষ্ট স্থান আছে। এখানে অনেক সাধক এসেছেন যাঁরা হয়তো বিদ্যালয়ের পাঠশালার গণ্ডীটাও পেরোন নি কিন্তু গীতার তত্ত্ব অত্যন্ত সাবলীলভাবে বিভিন্ন প্রসঙ্গে তাঁরা উপস্থাপিত করেছেন। শ্রীরামকৃষ্ণের কথামৃতে প্রত্যক্ষভাবে হয়তো গীতার বচন উদ্ধৃত হয় নি, কিন্তু তাঁর কথামৃতের সঙ্গে কিভাবে গীতার প্রত্যক্ষ যোগ ছিল তা পরবর্তী আলোচকেরা তাঁদের রচনায় বলেছেন। কৈবল্যধামের শ্রীরামঠাকুর সম্পর্কে একই কথা প্রযোজ্য হলেও এই যোগী যে প্রত্যক্ষভাবে গীতা পড়তেন এবং তার অনেক অংশই তাঁর কণ্ঠস্থ ছিল এটা তাঁর চিঠিপত্র দেখলেই বোঝা যায়। আমরা ক্রমশঃ বাংলার সাধক ও মনীষীদের দৃষ্টিতে গীতার প্রভাবের কথা বলব। বর্তমান প্রসঙ্গে 'অবতার বরিষ্ঠ' শ্রীরামকৃষ্ণই আমাদের আলোচ্য বিষয়।

হুগলী জেলার কামারপুকুরে কাশ্যপগোত্রীয় ব্রাহ্মণ বংশে এঁনার জন্ম হয় ফাল্গুনের শুক্লা দ্বিতীয়ায় ১৮৭৯ খ্রীষ্টাব্দে। তাঁর পিতা ক্ষুদিরাম চট্টোপাধ্যায় নিষ্ঠাবান ভক্ত ব্রাহ্মণ ছিলেন এবং মাতা চন্দ্রমণি ছিলেন সরলতার মূর্তি। পাঠশালায় সামান্য লেখাপড়ার পর বালক গদাধর গৃহদেবতা রঘুবীরের নিত্য সেবার কাজে লাগেন। সংস্কৃত ভাষা ও শাস্ত্রের পাঠ না নিলেও পাড়ার ধনবান লাহাদের বাড়ীর অতিথিশালায় আগত সাধুসন্তদের মুখ থেকে শাস্ত্র কথা শুনতেন আবার রামায়ণ, মহাভারত এবং ভাগবতের কথকথাও শুনতেন। এসব কথা তাঁর মধ্যে এমন ভাবাবেগ সৃষ্টি করে যে ১১ বছর বয়সে নিকটবর্তী গ্রাম আনুড়ে যাবার সময় তাঁর জ্যোতিদর্শন ও সমাধিলাভ ঘটে। বাড়ীর পরিবেশ থেকেই যথাসম্ভব পূজার মন্ত্রাদি রপ্ত করেছিলেন। পিতার মৃত্যুর পর বাধ্য হয়ে ১৭-১৮ বছর বয়সে কলকাতায় চলে আসেন এবং ঝামাপুকুরে গোবিন্দ চ্যাটার্জীর বাড়ীতে নিত্য পূজক নিযুক্ত হন। সেখানে থেকে অন্যত্রও পূজা করতেন। এই সূত্রেই ঝামাপুকুরের মিত্রদের বাড়ীতেও কিছুদিন পূজা করেছিলেন। বড় ভাই ক্ষুদিরাম শাস্ত্রজ্ঞ পণ্ডিত ছিলেন এবং নানা ঘটনার মাধ্যমে জানবাজারের রানী রাসমণি প্রতিষ্ঠিত দক্ষিণেশ্বরের কালী মন্দিরের পূজক হয়েছিলেন। ১৮৫৫ খ্রীষ্টাব্দে স্নানযাত্রার দিন এই ভবতারিণী কালী মন্দির প্রতিষ্ঠার পর থেকেই রামকুমার প্রথম পূজক হন। তাঁকে সহায়তার জন্য ২১/২২ বছরের যুবক রামকৃষ্ণ এখানে আসেন। তাঁদের মেজ ভাই রামেশ্বরও মাঝে মাঝে দেবীর পূজা করতেন।

ভবতারিণী মন্দিরে আসার পরেই রামকৃষ্ণের কাছে জ্ঞানচর্চা ও সাধনার রাজ্য খুলে গিয়েছিল। এর মধ্যে সারদামণির সঙ্গে তাঁর বিবাহ হয়। বিবাহের মুখ্য কারণ ছিল ছেলেকে সংসারের বাঁধনে বাঁধা। কিন্তু উল্টে সাধনার পথে এগোলেন তিনি এর পরেই দিব্যভাবের মাধ্যমে। বেদান্তের তোতাপুরী, তন্ত্রের ব্রাহ্মণী, বৈষ্ণব পণ্ডিত প্রভৃতি তাঁকে

সাধনার নতুন নতুন ধারায় নিয়ে যান। ইতিমধ্যে বৈদ্যনাথধাম, কাশী, প্রয়াগ, বৃন্দাবন প্রভৃতি তীর্থ দর্শন করেছেন এবং সেখানেও ভাবাবেগে সমাধিস্থ হয়ে বিশ্বনাথকে দেখেছেন। কিন্তু এসব এহবাহ্য সাধনার ধারা।

...ক্রমশঃ

— অধ্যাপক ডক্টর উদয় চন্দ্র বন্দ্যোপাধ্যায়

বিশ্বপিতার সৃষ্টিখেলা

বিশ্বপিতা, যিনি ছিলেন অজ, অনন্ত, অব্যয় শাশ্বত; সচ্চিদানন্দ জ্যোতির সমুদ্রসম আপনভাবে আপনি বিভোর। তাঁর ইচ্ছা হল একোহং বহুস্যাম - বহুরূপে খেলা করব। সেই মহাইচ্ছা স্ফুরিত হল শক্তির তরঙ্গাকারে জ্যোতির্ময় মহাসাগরের বুকে। উত্থিতা হলেন বিদ্যুৎ ঝলক্ সম মহাশক্তি মূলা প্রকৃতি। আদ্যাশক্তি মহাকালীরূপে হল তার প্রথম প্রকাশ। সৃষ্টি হল অনন্ত মহাকাশ। আবির্ভূতা হলেন তারাশক্তি। সৃষ্টি হল অগণিত তারকামণ্ডলী, গ্রহ, রবি শশী। ছড়িয়ে পড়ল সেই মহাকাশের বুকে, দিকে, দিকে। এইভাবে ক্রমান্বয়ে আবির্ভূতা হলেন দশ মহাবিদ্যা সৃষ্টির রূপায়নে। পরম-ব্রহ্ম হলেন দ্বিধা বিভক্ত, অঙ্কুরিত চানার দানার মত। প্রকৃতি ও পুরষরূপে প্রকটিত হলেন সৃষ্টির কারণে; মূলতঃ উভয়েই এক।

সৃষ্টি হল বহু দেবদেবী, বহু লোক-লোকান্তর। সৃষ্টি হল মহত্তত্ব - পঞ্চ মহাভূত, ক্ষিতি, অপ, তেজ, মরুৎ, ব্যোম্। তৈরী হল পঞ্চ তন্মাত্র - রূপ, রস, শব্দ, গন্ধ, স্পর্শ। তৈরী হল পঞ্চ প্রাণ - প্রাণ, অপান, ব্যান, উদান, সমান তার বহু শাখা নিয়ে। সৃষ্টি হল ত্রিগুণ - সত্ত্ব, রজ, তম। পরব্রহ্ম আত্মারূপে হলেন অনুস্যুত তাঁর সমগ্র সৃষ্টি জুড়ে। আর নিজেকে রাখলেন আচ্ছাদিত হিরণ্ময় পাত্রে। আত্মাই প্রাণরূপে হলেন প্রকাশিতা তারই চঞ্চলাবস্থা হল মন, যিনি হলেন বিশ্ব রচনার নায়ক। সাম্যতা হারাল ত্রিগুণ আজ্ঞাচক্রে মহত্তত্বে এসে। গুণেরই তারতম্যে সৃষ্টি হল এই বৈচিত্র্যময় জীব-জগৎ, বিশ্ব-চরাচর। পুরুষ ও প্রকৃতি রইলেন সমগ্র সৃষ্টি জুড়ে। ব্রহ্ম হতে কীট পরমাণু সর্বত্র পরিব্যাপ্ত হলেন সেই চৈতন্যময়শক্তি। সর্বশেষে সৃষ্টি হল মানুষ ঈশ্বরের শ্রেষ্ঠ জীবরূপে, দেবতারই অনুরূপভাবে।

বিশ্বপিতা রইলেন আত্মারূপে তাঁর কূটস্থমধ্যে আচ্ছাদিত হয়ে। আদ্যাশক্তি পরমা-প্রকৃতি রইলেন তাঁর মূলাধারে কুলকুণ্ডলিনীরূপে। সৃষ্টি হল ষট্চক্র মূলাধার হতে আজ্ঞাচক্র পর্য্যন্ত ও সহস্রার। সৃষ্টি হল ইড়া, পিঙ্গলা ও ব্রহ্মনাড়ী - সুষুম্না নাড়ীর অভ্যন্তরে। এমনিভাবে তৈরী হল আত্মদর্শনের সোপান। কিন্তু প্রকৃতির মায়া প্রপঞ্চের জালে তৈরী হল পঞ্চ ক্লেশ — অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ ও অভিনিবেশ বা মৃত্যুভয়। তৈরী হল ষড়রিপু - কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ্ ও মাৎসর্য্য। মায়া শক্তির আবরণে ও চিত্ত বিক্ষেপের ফলে হতে লাগল নিত্য নূতন বন্ধন। মানুষ ভুলে গেল তার আত্মসত্তাকে, দেহেতেই রইল আবদ্ধ হয়ে। এইভাবে সৃষ্টি হল কর্মফলের বন্ধন, আবদ্ধ হল সে জন্ম-মৃত্যুর চক্রে। এমনি করে চলল সে গড্ডালিকা প্রবাহে।

কতিপয় মহাত্মার উপলব্ধি হল এই সুখ ক্ষণস্থায়ী। জীবনের নেই স্থিরতা, যেতে হবে এর পরপারে। শুরু হল আত্ম অন্বেষণ। সেই সব মহাত্মার প্রাণপণ প্রচেষ্টার ফলে জাগ্রত হলেন অন্তরাত্মা। তখন জানতে পারলেন তাঁরা নিজের সত্ত্বাকে। বিশ্বের কল্যাণে উদাত্ত কণ্ঠে ঘোষণা করলেন তাঁরা —শৃন্বন্তু বিশ্বে অমৃতস্য পুত্রা

বেদাহমেতং পুরুষং মহান্তং
আদিত্য বর্ণং তমসো পরস্তাৎ।
ত্বমেব বিদিত্বাতি মৃত্যুমেতি
নান্যঃ পন্থা বিদ্যতে অয়নায়।

—সেই জ্যোতির্ময় পুরুষকে আমি জেনেছি, তাঁকে জানলে সব জানা যায়, করা যায় মৃত্যুকে জয়।

এমনিভাবে মানুষের হয় বোধের উদয়। পরমব্রহ্ম,জীবের দুঃখে কাতর হয়ে যুগে যুগে আসেন মানুষের রূপে, এই ধরণীর বুকে। মানবের আত্মসত্ত্বাকে জাগিয়ে দিতে। দিতে পরিত্রাণ তাদের জন্ম-মৃত্যুর চক্র হতে। কিন্তু কে তাঁকে জানতে পারে? তিনি না জানালে পরে? সধারণ মানুষরূপে আসেন, তাই হয় না বিশ্বাস। তাই হন তিনি চির অবহেলিত। তিনি কিন্তু শত যন্ত্রণা সহ্য করেও রাখেন তাঁর কৃপা হস্ত সদা প্রসারিত। কয়েকজন ভাগ্যবানই পায় তাঁর দর্শন, তাঁর কৃপা, তাঁর আশ্রয়। যুগে যুগে চলছে এই একই ধারা। যখন পরে জানতে পারে, তাঁর মূর্তি গড়ে পূজা করে। তাই ঘোচেনা তার ভব-যন্ত্রনা। শেষ হয় না আসা যাওয়ার ক্রম পরিক্রমা।

—মাতৃচরণাশ্রিতা শ্রীমতী বীণা চৌধুরী

—ওম্ তৎ সৎ ওম্—

শ্রীশ্রীমায়ের প্রথম বদ্রীনাথধাম ভ্রমণ কথা

(৬)

নন্দপ্রয়াগের দূরত্ব হৃষীকেশ থেকে প্রায় ১৯০ কি.মি.। সেখানের সঙ্গমে স্বর্গগঙ্গা অলকানন্দার সঙ্গে নন্দা নদীর মিলন ঘটেছে। অনেকে নন্দানদীকে 'নন্দাকিণী' আখ্যা দিয়ে থাকেন। স্বর্গরাজ্য হিমালয়ের কোলে প্রত্যেকটি প্রয়াগের দৃশ্যগুলি যেন মুক্তাঙ্গণ বেষ্টিত, তীর্থযাত্রীদের পুণ্য স্নানের পরিপন্থী ও তার একটি করে মহিমাও রয়েছে সেখানে। প্রাচীনযুগে এই মহাসঙ্গমের তীরে ঋষি শ্রেষ্ঠ বশিষ্ঠদেবের তপস্যার ক্ষেত্র ছিল বলে জানা যায়। এছাড়া একদা নন্দরাজা ও তাঁর স্ত্রী রানী যশোদা এই মহাসঙ্গমে এসে ভগবৎকৃপা লাভের উদ্দেশ্যে এক মহাযজ্ঞের আয়োজন করেছিলেন। যাঁদের গৃহে থেকে স্নেহ মমতায় ও অতি আদর-যত্নে পরমপুরষ শিশু ভগবান 'শ্রীকৃষ্ণ' প্রতিপালিত হয়েছিলেন। সেই স্মৃতিকে কেন্দ্র করে সেখানে আছে গোপাল ও শ্রীকৃষ্ণের একটি মন্দির, আর রাজার নামানুসারে সেই থেকে চতুর্থতম প্রয়াগের নামকরণ হয়েছে 'নন্দপ্রয়াগ'।

নন্দপ্রয়াগ

আমাদের তীর্থযাত্রা পথে না ছিল বাহকের ঘূর্ণায়মান চাকার বিরাম, আর না ছিল পরিচালিত যন্ত্রের অবসর নেবার স্থান কারণ, পথে শ্রীশ্রীমার আদেশ ছিল যতটা সম্ভব উপরে উঠে গিয়ে চালককে খাবার খাওয়ানোর সময়, আমাদেরও কিছুটা বিশ্রাম ও হাল্‌কা খাবার খাওয়া হবে এবং সেই সময় বাহক ও তার যন্ত্রাংশের কিছুটা ক্লান্তি দূর করানো যাবে। সেই মতন তখন আমাদের গাড়ী চড়াই হয়ে উঠে চলেছিল অতি শান্ত, ধীর ও সাবধানতা অবলম্বন পূর্বক, জানা ছিল নন্দপ্রয়াগের পর আমাদের চলার পথে পড়বে পঞ্চমতম ও শেষ প্রয়াগ যা 'বিষ্ণুপ্রয়াগ' নামে অভিহিত হয়ে রয়েছে। কিন্তু, পথ ছিল অনেকটাই তাই, আমরা প্রথমে চামৌলীতে এসে গাড়ীতে বসেই শ্রীশ্রীমায়ের সাথে হাল্‌কা খাবার খেয়ে, চালককে খাওয়ানো তৎসহ বাহককে বিশ্রাম দিয়ে আবার যাত্রা শুরু করেছিলাম। উত্তরাখণ্ডের গাড়োয়াল জেলার সেই পাহাড়ী অঞ্চলটি মিলিটারী অধ্যুষিত, পাশেই রয়েছে চীন ও পাকিস্তানের বর্ডার, হিমালয়ের পিছনে আড়াআড়ি ভাবে। তাই পথ, ঘাট ও সমস্ত এলাকা ভারত সরকারের নির্দেশ মতন সেনাবাহিনীর দখলে রয়েছে। এক পাহাড় থেকে নদী পেরিয়ে আর এক পাহাড়ে যাওয়ার জন্য রয়েছে তাদেরই তৈরী করা সুন্দর ও মজবুত ব্রীজ। সকলকেই সেই ব্রীজগুলি অতিক্রম করে যেতে হয় সেই মহাতীর্থস্থানের দিকে। চামৌলীর পর কয়েকটি ছোট ছোট স্থান তারপর পিপলকোটী, তা পার হয়ে আমরা উঠে আসি শিবাবতার আদি শঙ্করাচর্য্যের প্রতিষ্ঠিত প্রাচীন মঠ 'যোশীমঠ' এলাকায়। হিমালয়ের উপর সেইস্থানে শহরের কিছুটা গন্ধ পেয়েছিলাম আমরা। সেইস্থানের উচ্চতা প্রায় ৬১৫০ ফুট মতন হবে। সেখানে দেখতে পেয়েছিলাম মঠ, মন্দির, আশ্রম ছাড়াও অনেক ঘর-বাড়ী, দোকান, হোটেল ইত্যাদি রয়েছে। আমাদের গাড়ী রাজধানী এক্সপ্রেসের মতন দ্রুত না চললেও, চামৌলীর পর কোন স্টপেজ ছিল না। তাই আমাদের গাড়ী হিমালয়ের এক পবিত্র ভূমি যোশীমঠ অতিক্রম করে উঠে চলেছিল 'বিষ্ণুপ্রয়াগের' দিকে। নন্দপ্রয়াগ হতে বিষ্ণুপ্রয়াগের দূরত্ব প্রায় ৬৬ কি.মি. অর্থাৎ স্বর্গলোকের তোরণদ্বার হৃষীকেশধাম হতে বিষ্ণুপ্রয়াগের দূরত্ব প্রায় ২৫৬ কি.মি.। আবার যোশীমঠ থেকে আমাদের তীর্থযাত্রার লক্ষ্যপথ সেই দেবভূমি বদরীক্ষেত্রের দূরত্ব প্রায় ৪২ কি.মি. মতন হবে। প্রাচীন পবিত্র ভূমি যোশীমঠের নামকরণ কিভাবে হয়েছে তারও একটি পৌরাণিক কাহিনী আমরা পেয়ে থাকি। যোশীমঠ থেকে কিছুটা দূরে আদি শঙ্করাচার্য্য হিমালয় পরিক্রমার সময় একটি সুন্দর মন্দির তৈরী করে 'জ্যোতির্লিঙ্গ' নামে একটি শিবলিঙ্গ সেখানে প্রতিষ্ঠা করেছিলেন। এছাড়া সেখানকার মঠ স্থাপনাও হয়েছিল তাঁর নিজের হাতে, ফলে তাঁর নামকরণেই এর নাম হয়েছিল 'শঙ্করমঠ'। কালক্রমে তীর্থযাত্রী থেকে আরম্ভ করে পাহাড়ী অঞ্চলের বসবাসকারী মানুষজনেদের নিকট শঙ্কর ও শিব এক হয়ে যাওয়ায়, তখন থেকে মঠটি 'জ্যোতির্মঠ' নামে প্রচলিত হয়ে যায়। তারপর ধীরে ধীরে সেই শুদ্ধ নামের অপভ্রংশ করে ফেলে সেখানকার পাহাড়ী সমাজ ব্যবস্থা। যারফলে তার জ্যোতির্মঠ নাম পরিবর্তন হয়ে গিয়ে

'যোশীমঠে' পরিণত হয়ে যায়। যোশীমঠের বহু পুরাতন মন্দির হচ্ছে নৃসিংহ দেবতার, আর আছে বাসুদেব ও বলরাম দুই ভাইয়ের মন্দির এবং সেখানে আছে একটি বদরীনারায়ণের মন্দির। তারফলে বদরীক্ষেত্রের বদরীনারায়ণের মন্দির দিওয়ালীর পর বন্ধ হয়ে গেলে পূজারী রাওয়ালজী যোশীমঠের বদরীনারায়ণের মন্দির থেকেই শ্রীনারায়ণের নিত্য পূজা করে থাকেন বাকী ছয় মাস। যোশীমঠ থেকে দুটি পথ দুই দিকে চলে গেছে। প্রথমটি বদরীনাথধামের দিকে ও দ্বিতীয়টি মালারির পথে। প্রথমটির সাথী স্বর্গগঙ্গা অলকানন্দা ও দ্বিতীয়টির সঙ্গী ধৌলিগঙ্গা। যার অপর নাম বিষ্ণুগঙ্গা। তখন চলছিল বর্ষার মরসুম, পাহাড়ে বর্ষাতে ধস্ এই পথের নিত্য সঙ্গী। সেই সময় পাহাড়ের গা লাগোয়া পথ-ঘাট অতি দুর্গম হয়ে পড়ে। চলতি পথে পূর্বে কয়েকটি স্থানে আমাদের বেশ অসুবিধায় পড়তে হয়েছিল। সেই মরসুমে বৃষ্টির তালে তালে ঝুরঝুর করে পাহাড় থেকে পাথরের ছোট বড় নুড়ি অনবরত পথে পড়তে থাকে। যারফলে যখন তখন গাড়ী চলাচল বন্ধ হয়ে যায়, যতক্ষণ পর্যন্ত সেনাবাহিনী তাড়াতাড়ি করে পথে জমে যাওয়া পাথরগুলি পরিষ্কার করে না দেয়। আমরা চলেছিলাম উতরাই-এর পথে বিষ্ণুপ্রয়াগের কাছাকাছি। পাহাড়ের উপর হতে ধেয়ে আসা ঝরণার জলের তোড়ে পথের একস্থানের পরিস্থিতি ভয়ানক খারাপ হয়ে যাওয়ায়, গাড়ীর চালক থমকে যায়। পাহাড়ের ঐরূপ পরিস্থিতি দেখে আমরাও কিছুটা আতঙ্কিত হয়ে পড়ি কারণ, আমরা দেখতে পাই গাড়ীর চাকা সেই পিচ্ছিল পথে মোটেই এগোতে পারছে না। তখন চিন্তিত হয়ে পড়া চালক জোর করে গাড়ীর গিয়ার একধাপ উপরে দিয়ে চালাতে গিয়ে দেখে যে, গাড়ীর চাকা গতিপথ হারিয়ে এবং পিচ্ছিল পথের অসুবিধায় খাদের দিকে এগিয়ে যায়। বাঁদিকে বিশাল খাদ! নীচ দিয়ে চলেছে বেগবতী গঙ্গা অলকানন্দা, আর ডানদিকে পাহাড়ের চূড়া হতে বয়ে আসা ঝরণার তীব্র জলের তোড়। কি করে পার হওয়া যাবে এই পথটুকু তাই ভাবতে থাকি। আতঙ্ক তখন যেন আমায় ঘিরে ধরেছে। গাড়ীতে বাঁদিকেই বসেছিলাম আমি, তাই নজরখানি গভীরতর খাদের দিকেই ছিল। ততক্ষণে চালক গাড়ীটিকে কিছুটা পিছিয়ে নিয়ে এসেছিল। তখন সকলেরই নজর পরিস্থিতির দিকে। এই মহান তীর্থযাত্রায় সঙ্গে ছিলেন আমাদের গুরুমাতা শ্রীশ্রীমা দুর্গা দুর্গতিনাশিনী, ফলে তাঁকে স্মরণ করতেই তিনি বলে ওঠেন, ''কি হল রে?'' সেখানের পরিস্থিতি দেখে ও আমাদের কাছ থেকে ঘটনার বিবরণ শুনে, তৎক্ষণাৎ চালককে সাহস ও উৎসাহ দিয়ে যেন নিজেই গাড়ীটিকে চালিয়ে পার করিয়ে দিয়েছিলেন সেই বিপদসংকুল পাহাড়ের পথখানি মুহূর্তের মধ্যেই। মনুষ্যদেহ ধারণকারী অবতাররূপী দেব-দেবীগণের অসীম কৃপার এক ক্ষুদ্রতম বিন্দুর ন্যায় সাহায্যের নিদর্শন দ্বারা শ্রীশ্রীমা হতবাক করেছিলেন আমাদের সকলকে এবং সেই সময়ে তাঁর অলৌকিকতা আমাদের কাছে বিস্ময়ের বিষয় হয়ে উঠেছিল। কোনও কথা না বলে, নিজেদের মধ্যে দৃষ্টি বিনিময় করে আমরা পাহাড়ে উঠতে থাকি গুরুমাতার সঙ্গ নিয়ে। চালক শান্ত ও বুদ্ধিমত্তার পরিচয় দিয়ে অতি সাবধানে গাড়ী চালিয়ে নিয়ে আসে 'বিষ্ণু প্রয়াগের' নিকট। পঞ্চপ্রয়াগের শেষতম প্রয়াগের সঙ্গমস্থলের দৃশ্যখানি চমৎকার ও অতি আকর্ষণীয়। বিষ্ণুপ্রয়াগে স্বর্গগঙ্গার সঙ্গে মিলিত হয়েছে ধৌলিগঙ্গা, যাকে বিষ্ণুগঙ্গাও বলা হয়ে থাকে। পুরাণকালে সেইস্থান ছিল দেবর্ষি নারদের তপস্যা ভূমি। তিনি ভগবান শ্রীবিষ্ণুর তপস্যা করে সেই বিষ্ণুপ্রয়াগে তাঁরই বরে সর্বজ্ঞত্ব লাভ করেছিলেন বলে জানা যায়। বিষ্ণুপ্রয়াগকে বদরীকাশ্রমের প্রবেশদ্বার বলা হয়ে থাকে। এছাড়া বদ্রীক্ষেত্র সেইস্থান হতে শুরু হয়েছে বলে প্রচলিত আছে। সেখানে আছে অলকানন্দার প্রসিদ্ধ একটি গিরিখাত।

এরপর আমাদের গাড়ী বিষ্ণুপ্রয়াগ অতিক্রম করে চড়াইয়ের পথে চলতে থাকে 'গোবিন্দঘাট' অঞ্চলের দিকে। সেখানের পাহাড়ের প্রাকৃতিক সৌন্দর্য্যের মধ্যে বড় বড় লম্বাটে ধরণের কিছু গাছ সারিবদ্ধভাবে দাঁড়িয়ে ছিল যেন সেনাবাহিনীর প্যারেড করার মতন। দূর থেকে দেখে কিছু পাহাড়ী গাছের নাম মনে এসেছিল, যা আমরা বইতে পেয়ে থাকি যেমন — পাইন, দেবদারু, চীর, ভূজ, হোগ্গা, শাল ইত্যাদি এই সব গাছই হয়তো হবে। হিমালয় ধীর, গম্ভীর ও বিরাট মৌন মহিমাযুক্ত পর্বতমালা। সেই বিরাটত্ব দেখেই মানুষের মনে বৈরাগ্য জেগে ওঠে। আমাদের অবস্থাও সেইরূপ ছিল যতই এগিয়ে যাওয়া যায় ততই মনে হয় যেন কোথা থেকে ডাক আসছে তাঁর কাছে পৌঁছানোর জন্য। তাই তো প্রত্যেকের কাছেই তপোভূমি, দেবভূমি ও দেবাত্মা হিমালয় পিতৃসম। এই হিমালয়ে তিনটি জলধারা যা ভাগীরথী, অলকানন্দা ও মন্দাকিনী নামধারণ পূর্বক প্রবাহিত

হয়ে মর্ত্যে নেমে এসেছে স্বর্গগঙ্গা বা আকাশগঙ্গা বলে পরিচিত হয়ে। তাদের উৎসক্ষেত্র অঞ্চলে রয়েছে তিনিটি মহাতীর্থস্থান। প্রথম ব্রহ্মাতীর্থ গঙ্গোত্রী, দ্বিতীয় বিষ্ণুতীর্থ বদ্রীনাথ, তৃতীয় মহেশ্বরতীর্থ কেদারনাথ। আমাদের তীর্থযাত্রা ছিল বিষ্ণুতীর্থ বদ্রীনাথজীর দর্শন ও পূজনের উদ্দেশ্যে। গাড়ী ছুটতে ছুটতে চলে আসে গোবিন্দঘাটের এলাকায়। গোবিন্দঘাট শিখ জাতিদের এক মহাপবিত্র তীর্থক্ষেত্র। একদা সেখানে শিখ ধর্মগুরু 'গোবিন্দ সিং' দীর্ঘদিন তপস্যা করেছিলেন। জানা যায় সেখানে তাদের একটি বিশাল বড় গুরুদুয়ারা আছে এবং শিখ সম্প্রদায়ের তীর্থযাত্রীদের জন্য থাকা, খাওয়ার ব্যবস্থাও আছে।

তারপর পথে আসে আমাদের আরও একটি প্রাচীন তীর্থস্থান 'পাণ্ডুকেশ্বর'। এই নামকরণের উদ্দেশ্য জানতে গেলে যে কাহিনী পাওয়া যায় তা হল মহাভারতের যুগে পাণ্ডব বংশের রাজা 'পাণ্ডু' একসময় হিমালয়ের এইস্থানে সাধনার উদ্দেশ্যে এসে দীর্ঘদিন বাস করেছিলেন। সঙ্গে ছিলেন তাঁর স্ত্রী মাদ্রী ও কুন্তী। রাজা পাণ্ডু সেইস্থানে একটি শিবলিঙ্গ প্রতিষ্ঠা করেছিলেন, মন্দির স্থাপনা করে। পরে সেই শিবলিঙ্গের নাম 'পাণ্ডুকেশ্বর' বলে আখ্যায়িত হয়ে যায়। রাজা পাণ্ডু একসময় অলকানন্দার অপর পারের পর্বতের উপরে মৃগয়া করতে গিয়ে এক কিন্নরের উপর বাণ প্রয়োগ করায়, সেইস্থানেই তিনি কিন্নরীর অভিসম্পাত পান। সেই অভিসম্পাতের ফলে তাঁর জীবনের অন্তিমকাল ঘনিয়ে আসে এবং তপোভূমি হিমালয়ের কোলেই তাঁর মৃত্যু ঘটে। সেই সময় তাঁর স্ত্রী মাদ্রী সহমৃতা হয়েছিলেন তাও এই কাহিনী হতে পাওয়া যায়।

...ক্রমশঃ

—মাতৃচরণাশ্রিত স্বামী সংবেদানন্দজী

রাজস্থানের সুপ্রসিদ্ধা শ্রীশ্রীসতীমায়ের লীলামৃত

(৭)

শিবমন্দিরে অবস্থান — লুনী নদী বা বানগঙ্গার জল সর্বদাই সঞ্চিত থাকিত। সেইজন্য জনসাধারণ সেই জল স্নানাদি ও অন্যান্যকার্যে ব্যবহার করিতেন। ইহাতে সেই জল পানের অনুপযুক্ত হইয়াছিল, ইহা ব্যতীত তাহা লবণাক্তও ছিল। বাপজীর পক্ষে এই জল সম্পূর্ণ অনুপযুক্ত মনে করিয়া শ্রীহরিনাথজী মন্দিরের নিকটবর্তীস্থানে বাপজীর স্নানের নিমিত্ত একটি ক্ষুদ্রজলাধার নির্মাণ করিয়া দিলেন। তাহার নাম দেওয়া হইল গীতাঘাট। মন্দিরে যাহারা আসিতেন তাহারা এই স্থানেই স্নান করিতেন। গুরুর নির্দেশে বাপজী শিবমন্দিরেই থাকিতে লাগিলেন। তিনি ১৯৫৬ খৃঃ শিবমন্দিরে আসিয়া দুই বৎসর শিবমন্দিরে অবস্থান করিয়াছিলেন। তারপর তাঁহার জন্য গুফা নির্মিত হইলে সেইখানেই তিনি থাকিতে লাগিলেন। এই সময় কাকিসাও বাপজীর সহিত থাকিতেন। গুফায় অবস্থান কাল হইতেই বাপজীর গৃহের সহিত সকল সম্বন্ধ ছিন্ন হইল কারণ পূর্বে তিনি কাকিসাকে দর্শন ও প্রণাম করিতেই শুধু গৃহে যাইতেন।

শিবমন্দিরে দিনচর্চা — শিবমন্দিরে থাকিবার কিছুদিন পরেই ভক্তগণ মন্দিরের সংলগ্ন স্থানের নীচে বাপজীর একান্তবাসের জন্য একটি গুফা বা গুহা নির্মিত করিয়া দিলেন। বাপজী রাত্রিতে গুফায় থাকিতেন এবং প্রাতঃ তিন বা চারটার সময় উঠিয়া বিলাড়ায় যাইয়া বানগঙ্গায় স্নান করিয়া এক ঘড়া জল লইয়া আসিতেন, যাহার দ্বারা তিনি শিবজীকে স্নান করাইয়া পূজা করিতেন। এই সমস্ত কর্ম তিনি সূর্য্যোদয়ের পূর্বেই করিতেন। বাপজী সকাল দশটার সময় গুফা হইতে বাহির হইয়া আসিতেন এবং তথায় সমবেত ভক্তবৃন্দকে দর্শনাদি দান ও সৎসঙ্গ করিতেন। তারপর দ্বিপ্রহরে ভক্তগণ যখন নিজ নিজ গৃহে ভোজনাদি করিবার জন্য চলিয়া যাইতেন তখন বাপজী গুহায় ফিরিতেন। বাপজী সকালে গুফা হইতে যতক্ষণ না বাহির হইতেন, তাঁহার নির্দেশে শ্রীহরিনাথজী তখন গীতাপাঠ ও তাহার ব্যাখ্যা করিতেন। পরবর্তীকালে বাপজীর অনুরোধে তিনি মহাভারতও পাঠ করিতেন। তাঁহার পাঠের সময় কেহ যদি অমনোযোগী হইত বা কথাবার্তা বলিত, তখন তিনি তাহাকে দাঁড় করাইয়া রাখিতেন। মানসিংহের নাতি ভগবান সিংহ এই সময় খুবই ছোট ছিল। সে আসিয়া মধ্যে মধ্যে কাকিসার কোলে বসিত। তখন কথাবার্তাও হইত। এই জন্য হরিনাথজী একদিন কাকিসাকেও দাঁড় করাইয়া রাখিয়াছিলেন। তাঁহার পাঠ শেষ হইতে সন্ধ্যা হইয়া যাইত। তখন ভক্তরা নিজ নিজ গৃহে যাইয়া সন্ধ্যাহ্নিক ও জপাদি করিতেন। ইহার পরে এই মন্দিরের সংলগ্ন স্থানে ভক্তদের জন্য ও ভোজনাদির জন্য

বিস্তৃত স্থান জুড়িয়া বহু আবাসভূমি নির্মাণ করা হইয়াছিল।

প্রথম বাপজীর তীর্থযাত্রা — শিবমন্দিরে থকিবার কিছুদিন পরেই বাপজী তাঁহার গুরু গোলাপদাসজী মহারাজের সহিত তীর্থযাত্রায় বাহির হইয়াছিলেন। সঙ্গে কাকিসা, শ্রীহরিনাথজী এবং আরও অনেক ভক্ত শিষ্য গিয়াছিলেন। এই জন্য রেলের একটি কামরা রিজার্ভ করিয়া লওয়া হইয়াছিল। তঁহারা বদ্রীনাথ, কেদারনাথ, গঙ্গোত্রী, যমুনোত্রী, বৃন্দাবন, অযোধ্যা, প্রয়াগ ইত্যাদি ভ্রমণ করিয়া পুষ্করে আসিয়া পৌঁছাইলেন। এই সময় বাপজীর বেশ কয়েকটি অলৌকিক ঘটনাবলী লোকেরা প্রত্যক্ষ করেন। সেগুলির আর বিস্তৃত বর্ণনা করা সম্ভব হইল না।

পরশুরাম মহাদেব দর্শন — বাপজীর দল যখন আরাবলী পর্বতমালার চার হাজার ফুট উপরে আসিল, তখন প্রায় অন্ধকার স্থানটি ছাইয়া ফেলিয়াছিল। তথা হইতে ১৩ কি.মি. দূরে পাহাড়ের একটি গুফায় পরশুরামজী শিব স্থপনা করিয়া সাধনা করিতেন। বাপজী তখন সেই স্থানে যাইবার জন্য সংকল্প করিলেন এবং কাহারো নিষেধ না শুনিয়া নিজেই পাহাড়ে উঠিতে লাগিলেন। মধ্যপথে যাইবার পর দেখিলেন পুরোহিত পূজা সমাপ্ত করিয়া মন্দিরে তালা লাগাইয়া ফিরিয়া আসিতেছেন। তিনি বাপজীকে তথায় যাইতে নিষেধ করিয়া বলিলেন যে, সন্ধ্যার পরে সেখানে বাঘ আসে। কিন্তু বাপজী তাঁহার সংকল্পে অটুট রহিয়া চলিতে লাগিলেন। তখন তিনি গিয়া তালা খুলিয়া দিয়া আসিলেন। যখন বাপজী মন্দিরে গিয়া পৌঁছাইলেন, তখন সমগ্র স্থানটি ঘোর তমসাবৃত হইয়া গিয়াছিল। বাপজী মন্দিরের পাশে বসিয়া ধ্যানমগ্ন হইয়া পড়িলেন। তখন মন্দিরের নিকট একটি ব্যাঘ্র আসিয়া তাঁহারই সম্মুখে দাঁড়াইয়া রহিল। তিনি তখন করজোড়ে তাহাকে বলিলেন, ''প্রভু, তুমি আসিয়াছ, কিন্তু আমার কাছে কোন পূজা সামগ্রী তো নাই, আমি কি দিয়া তোমায় পূজা করিব?'' তখন ব্যাঘ্র তথায় বসিয়া পড়িল। বাপজীও গভীর ধ্যানে নিমগ্ন হইয়া পড়িলেন। তারপর ভোর হইতেই বাপজী দেখিলেন, ব্যাঘ্রটি ধীরে ধীরে চলিয়া গেল। সকালে পুরোহিত যখন পূজা করিতে আসিলেন, তিনি বাপজীকে দেখিয়া পরম বিস্ময়ে বলিলেন, ''বাঘ কি আসিয়াছিল?'' বাপজী বলিলেন, ''ভগবান আসিয়াছিলেন, পুরা রাত্রি এইখানেই ছিলেন, এইমাত্র তিনি চলিয়া গেলেন।''

তীর্থপর্যটনের পরে গোলাপদাসজী বৃন্দাবনস্থিত শ্রোতমুনি আশ্রমে থাকিয়া চাতুর্মাস্য ব্রত পালন করিবার সংকল্প করিলেন। তিনি তাঁহার মহানির্বাণ লাভের দিনক্ষণ পূর্ব হইতেই অবগত ছিলেন। তাঁহার সহিত বাপজীও এই ব্রত পালনে অংশ গ্রহণ করিয়াছিলেন। ব্রত সমাপ্তির দিন অর্থাৎ ভাদ্রমাসের পূর্ণিমা তিথিতে তিনি তাঁহার ভক্তদের জিজ্ঞাসা করিলেন যে, সকলের মধ্যাহ্ন ভোজন সমাপ্ত হইয়াছে কিনা! যখন জানিলেন যে, সবার আহার সমাপ্ত হইয়াছে, তখন তিনি গভীর ধ্যানে নিমগ্ন হইলেন এবং দুই ঘন্টা পরে ব্রহ্মতালুভেদ করিয়া তিনি স্বধামে চলিয়া গেলেন। বাপজী গুরুর মহাসমাধি প্রত্যক্ষ করিলেন।

শরণানন্দজীর দ্বারা বাপজীর শরীর পরীক্ষা — রাজস্থানে শরণানন্দজী নামে এক জন্মান্ধ মহাভক্তিমান পুরুষ ছিলেন। তিনি জন্মান্ধ হইলেও সমস্ত ধর্মগ্রন্থে সুপণ্ডিত ছিলেন। ধর্ম বিষয়ে তাঁহার প্রবচন শুনিতে বিপুল জন-সমাবেশ হইত। অন্যত্রও তাঁহাকে প্রবচন দিবার জন্য আমন্ত্রণ করিয়া লইয়া যাওয়া হইত। তিনি 'মানব-সেবা সংঘ' নামে বহু সেবা প্রতিষ্ঠান গড়িয়া জনসেবা মূলক কার্য্য করিয়াছিলেন। তাঁহার বৃন্দাবন আশ্রমেই তিনি অধিক দিন অতিবাহিত করিতেন। এইস্থানে বাপজীও মধ্যে মধ্যে আসিতেন। একবার শরণানন্দজীর মনে সংশয় হইল যে বাপজী সত্য সত্যই অন্ন-জল ব্যতীত থাকিতে পারেন কিনা! সেই নিমিত্ত তিনি তাঁহার ভক্ত শিষ্য তৎকালীন স্বনামধন্য বড় চিকিৎসক দ্বারা বাপজীর শরীর পরীক্ষা করাইতে ইচ্ছা প্রকাশ করিলেন। সেইমত ডাক্তার আসিয়া বাপজীর সমস্ত শরীরের বিশেষ করিয়া খাদ্যনালীর এক্সরে করাইলেন। কিন্তু দেখা গেল প্লেট শূন্য। তখন অন্য মেশিন দিয়া পুনরায় এক্সরে করানো হইল। তাহারও অবস্থা একই প্রকার, পরম বিস্ময়ে তিনি তখন বাপজীর রক্ত পরীক্ষা করিবার জন্য তাঁহার অনুমতি প্রার্থনা করিলেন। তথায় উপস্থিত কাকিসা ও ভগবান সিংহ তাহাতে আপত্তি জানাইলেন। কিন্তু বাপজী পরম স্নেহে তাঁহাকে অনুমতি প্রদান করিলেন। রক্ত পরীক্ষার ফল দেখিয়া ডাক্তার পরম বিস্ময়ে ঘোষণা করিলেন যে তাহা সাধারণ সুস্থ মানুষেরই মত। এইভাবে বাপজীকে কতই না পরীক্ষা দিতে হইয়াছিল।

কপিলমুনির দর্শনলাভ — বাপজী একবার বিকানিরের রাজ পুরোহিতের আমন্ত্রণে তাঁহার বাসগৃহে গিয়াছিলেন। তথা হইতে তিনি কপিলমুনির আশ্রম তথা তপস্যা স্থল

কোলায়ত গিয়াছিলেন। কোলায়তে রাজপুরোহিতের গৃহে বসিয়া তিনি ভক্ত সঙ্গে সৎসঙ্গ করিতেছিলেন। সেই সময় এক বৃদ্ধ আসিয়া জিজ্ঞাসা করিলেন, ''বালা হইতে যিনি আসিয়াছেন তিনি কোথায়?'' তখন তাঁহাকে বাপজী সকাশে লইয়া যাওয়া হইল। তাঁহাকে দেখিয়াই বাপজী উঠিয়া সসম্ভ্রমে তাঁহাকে দণ্ডবৎ প্রণাম করিলেন। তিনিও বাপজীকে আশীর্বাদ করিলেন। বাপজী পুনরায় হাত জোড় করিয়া কহিলেন, ''আপনি কৃপা করিয়া আমাকে দর্শনদান করিলেন।'' তিনি উত্তরে বলিলেন, ''দর্শন তো আপনিই দিলেন।'' ইহার পর তাঁহাদের মধ্যে এমন আন্তরিকভাবে কথাবার্তা হইতে লাগিল যেন পরস্পর পরস্পরের কতকালের পরিচিত। তাঁহাদের কথাবার্তা অনেকক্ষণ চলিল, কিন্তু উপস্থিত ভক্তবৃন্দ তাহার কিছুই বুঝিতে পারিলেন না। যাইবার সময় বাপজী তাঁহাকে গৃহের দ্বার অবধি পৌঁছাইয়া দিলেন। তারপরেই তিনি অদৃশ্য হইয়া গেলেন। পরে বাপজী বলিয়াছিলেন, ''ইনি স্বয়ং কপিল মুনি।''

...ক্রমশঃ

—মাতৃচরণাশ্রিতা শ্রীমতী বীণা চৌধুরী

কৃষ্ণ কথা

রাজা পৌণ্ড্রক ও পুত্র সুদক্ষিণ

শ্রীশ্রীমা সর্বাণী

করূষ বা কারূ দেশাধিপতি একজন খুব পরাক্রান্ত রাজা পৌণ্ড্রক বারাণসীধামে মহাদেবের আরাধনা করিয়া বাসুদেবের ন্যায় চতুর্ভূজ মূর্তি হন। পরন্তু বসুদেব-তনয় বাসুদেব বর্তমান থাকিতে তাঁহার সম্মান ও প্রতিপত্তিলাভ সম্ভবপর নহে মনে করিয়া তিনি শ্রীকৃষ্ণের সহিত যুদ্ধ করিবার জন্য দ্বারকায় যাইয়া উপস্থিত হইয়াছিলেন। ''আমিই বাসুদেব'' এই বলিয়া তিনি শ্রীকৃষ্ণের নিকট দূত প্রেরণ করেন, যেন শ্রীকৃষ্ণ তাঁহার শরণাপন্ন হন। শ্রীকৃষ্ণ ইহাতে অতিশয় ক্রুদ্ধ হইয়া তাহার বিরুদ্ধে অভিযান করিলে পরে পৌণ্ড্রক ও স্বীয় বন্ধু কাশীরাজের সহিত শ্রীকৃষ্ণের সম্মুখীন হন। তখন উভয় পক্ষে তুমুল যুদ্ধ হয় এবং শ্রীকৃষ্ণ হস্তে উভয়ই নিহত হন। কথিত আছে যে শ্রীকৃষ্ণ সুদর্শন চক্রাঘাতে তাহার ও কাশীরাজের মস্তক ছেদন পূর্বক বারাণসীতে প্রেরণ করেন।

পৌণ্ড্রক শিশুপালের মিত্র ছিলেন। তিনি দ্রৌপদীর স্বয়ম্বর সভায় উপস্থিত ছিলেন। শ্রীকৃষ্ণ কর্তৃক রুক্মিণী হরণকালে রাজা পৌণ্ড্রক রুক্মীর (রুক্মিণীর ভ্রাতা) পক্ষাবলম্বন পূর্বক যদু সৈন্যের সহিত যুদ্ধ করিয়াছিলেন। রাজা পৌণ্ড্রক শ্রীকৃষ্ণ কর্তৃক নিহত হইলে পরে তৎপুত্র 'সুদক্ষিণ' পিতৃবধের প্রতিশোধ লইতে মনস্থ করেন। অতঃপর তিনি সমাধিযোগে অর্চনা করিয়া মহাদেবের প্রীতি উৎপাদন পূর্বক পিতৃহন্তার বধের উপায়স্বরূপ বর প্রার্থনা করিলেন। তখন মহাদেব বলিলেন যে বিশেষ বিধানে অগ্নির উপাসনা করিলে অগ্নিদেব সুদক্ষিণকে শত্রুবধে সাহায্য করিবেন। তখন সুদক্ষিণ মহাদেবের কথানুসারে সেইভাবে অগ্নির আবাহন করিলে পরে তখন দেব হুতাশন মূর্তিমান হইয়া আবির্ভূত হইলেন এবং প্রমথগণ সহ দ্বারকাপুরী দগ্ধ করিবার জন্য ধাবিত হইলেন। দ্বারকাবাসীগণ সেই অগ্নিকে পুরী দগ্ধকরণোদ্দেশ্যে আসিতে দেখিয়া তখন ভগবান শ্রীকৃষ্ণের শরণাপন্ন হইলেন। তখন বাসুদেব অগ্নির প্রতি সুদর্শন চক্র নিক্ষেপ করিলে হুতাশন ভগ্নমুখ হইয়া বারাণসীতেই প্রত্যাবর্তন করিলেন এবং সুদক্ষিণসহ তাহার সকল অনুচরগণকে দগ্ধ করিয়া ফেলিলেন।

(সহায়ক গ্রন্থ ঃ ভাগবত, বিষ্ণুপুরাণ, পদ্মপুরাণ)

আশ্রমের আগামী অনুষ্ঠানসূচী

কোজাগরী লক্ষ্মীপূজা— ৫ই অক্টোবর, বৃহস্পতিবার

রাস পূর্ণিমা — ৪ঠা নভেম্বর, শনিবার

বার্ষিক সাধারণ সভা — ১৯শে নভেম্বর, রবিবার

বার্ষিক শ্রীশ্রীঅন্নপূর্ণা দেবীর প্রতিষ্ঠা পূজা - ২৭শে নভেম্বর, সোমবার

বার্ষিক শ্রীলক্ষ্মীজনার্দ্দনজীউয়ের প্রতিষ্ঠা পূজা - ২৮শে নভেম্বর, মঙ্গলবার

শ্রীশ্রীসারদা মায়ের আবির্ভাব তিথি — ৯ই ডিসেম্বর, শনিবার

আধ্যাত্মিক সভা — ২৫শে ডিসেম্বর, সোমবার

শ্রীশ্রীগুরুমহারাজদের মন্দির প্রতিষ্ঠা দিবস — ১৪ই জানুয়ারী, ২০১৮, রবিবার

নিরুক্তশাস্ত্রের দৃষ্টিতে বৈদিক দেবতার স্বরূপ আলোচনা

দেবতা বিষ্ণু— (২৯)

বেদের দেবমণ্ডলে বিষ্ণু প্রধান দেবতা না হলেও পরবর্তী ভারতীয় ধর্মতত্ত্বে তিনি একটি বিশেষ ভূমিকা নিয়েছেন। তাঁর উপাসনা নানা ধারায় পল্লবিত হয়ে বৈষ্ণবদের সাধনায় প্রকাশিত হয়েছে। বৈদিক ধারায় বিষ্ণু হলেন সূর্য। কিন্তু পরেকার ধর্মে সেই পরিচয় বিশেষ অনুসন্ধানের বিষয় হয়ে পড়েছে। ঋগ্বেদে বিষ্ণু সংক্রান্ত যে আলোচনা আছে সেখান থেকে তিনি যে সূর্যই এই বিষয়ে নিশ্চিৎ সিদ্ধান্তে উপনীত হওয়া যায়। এমন কি বিষ্ণুর অবতারের বীজও বৈদিক সূর্যোপাসনার মধ্যে পরিলক্ষিত হয়। সমগ্র ঋগ্বেদে পাঁচটি পূর্ণসূক্তে বিষ্ণুর কথা বলা হলেও প্রায় শতাধিকবার তাঁর নাম উচ্চারিত হয়েছে। ব্রাহ্মণ সাহিত্যে বিষ্ণু সংক্রান্ত অনেক আখ্যান পাওয়া যায়। বিশ্ ধাতু থেকে যেহেতু শব্দটির ব্যুৎপত্তি দেখান হয় সেজন্য বিশ্ব ব্যাপক শক্তি হিসাবে বিষ্ণুর উল্লেখ অবরকালীন বৈদিক সাহিত্যে পাওয়া যায় - ''ভূতঞ্চ বিষ্ণুঃ ভুবনঞ্চ বিষ্ণুঃ'' ইত্যাদি শ্রুতির কথা এক্ষেত্রে যেমন স্মরণীয় তেমনি বিক্রম, উরুগায়, উরুক্রম ইত্যাদি বৈদিক শব্দও এক্ষেত্রে আলোচনার বিষয়। পুরাণাদি সাহিত্যে সূর্যের একচক্র বিষ্ণুচক্রে পরিণত হয়েছে। ব্রাহ্মণ্য ধারায় শালগ্রাম শিলার উপাসনা প্রকৃতপক্ষে সূর্যচক্রেরই উপাসনা বলে গবেষকেরা মনে করেন।

নিঘন্টুতে বিষ্ণু শব্দ আদিত্য বাচক। বিষ্ণুর ত্রিপাদ বিক্ষেপের বিষয়টি ঋগ্বেদের ঋষিদের কাছে একটা বিশেষ আধ্যাত্মিক তত্ত্বের রূপকে পরিণত হয়েছিল বলে — ''ইদং বিষ্ণুর্বিচক্রমে ত্রেধা নিদধে পদম্'' ইত্যাদি মন্ত্রভাগ ঋগ্বেদে একাধিকবার উচ্চারিত হয়েছে। এই বিষ্ণুর পরম পদ মহাকাশে সূর্যরূপে প্রকাশিত। সেই পরমপদেরই সন্ধান জানেন জ্ঞানীরা -''তদ্বিষ্ণোঃ পরম্ং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততম্।'' যাস্কের নিরুক্তে এই ত্রিপদ বিক্ষেপের যে ব্যাখ্যা দেখান হয়েছে তা ক্রমশঃ পল্লবিত হতে হতে পুরাণে বামন অবতারে ত্রিবিক্রমের ব্যাখ্যায় একটা নতুন রূপ ধারণ করেছিল। ঋগ্বেদের ১/২২/১৬২১ মন্ত্রে বিষ্ণু সম্পর্কে কন্বের পুত্র মেধাতিথি ঋষি যা বলেছেন তার মধ্যে অনেকটাই বিষ্ণুর স্বরূপ প্রকাশিত হয়েছে —

''অতো দেবা অবন্তু নো যতো বিষ্ণুর্বিচক্রমে।
পৃথিব্যাঃ সপ্ত ধামভিঃ।।
ইদং বিষ্ণুর্বিচক্রমে ত্রেধা নিদধে পদং।
সমুলহমস্য পাংশুরে।।
ত্রীণি পদা বি চক্রমে বিষ্ণুর্গোপা অদাভ্যঃ।
ততো ধার্মাণি ধারয়ন্।।
বিষ্ণোঃ কর্মাণি পশ্যত যতো ব্রতানি পস্পর্শে।
ইন্দ্রস্য যুজ্যঃ সখা।।
তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ।
দিবীব চক্ষুরাততম্।।
তদ্বিপ্রাসো বিপন্যবো জাগৃবাংসঃ সমিন্ধতে।
বিষ্ণোর্যৎ পরমং পদম্।।''

অর্থাৎ, বিষ্ণু সপ্তকিরণের সাথে যে ভূপ্রদেশ থেকে পরিক্রমা করেছিলেন, সেই প্রদেশ থেকে দেবগণ আমাদের রক্ষা করুন। বিষ্ণু এই জগৎ পরিক্রমা করেছিলেন, তিন প্রকার পদবিক্ষেপ করেছিলেন তাঁর ধুলিযুক্ত পদে জগৎ আবৃত হয়েছিল।। বিষ্ণু রক্ষক। তাঁকে কেউ আঘাত করতে পারে না তিনি ধর্মসমুদয় ধারণ করে তিন পদ পরিক্রমা করেছিলেন।। বিষ্ণুর যে কর্মবলে যজমান ব্রত সমুদায় অনুষ্ঠান করেন, সেই সব কর্মের দিকে দেখ। বিষ্ণু ইন্দ্রের উপযুক্ত সখা।। আকাশে সবদিকে বিচরণকারী চোখ যেমন সব কিছু দেখে, বিদ্যানেরা বিষ্ণুর পরমপদ সেরূপ দৃষ্টি করেন।। স্তুতিবাদক ও সদা জাগরুক মেধাবী লোকেরা সেই বিষ্ণুর পরমপদ প্রদীপ্ত করেন।।

এসব মন্ত্র থেকে স্বাভাবিক ভাবেই ব্যাখ্যাতাদের মধ্যে প্রশ্ন জেগেছে — বিষ্ণু কে? এবং তাঁর পদবিক্ষেপের ব্যাপারটাই বা কি? যাস্কাচার্য নিরুক্তে (১২/১৯) বিষ্ণুর এই স্বরূপ নিয়ে শাকপূণি ও ঔর্ণবাভ - এর মধ্যেকার মত পার্থক্যের দিকটি তুলে ধরেছেন — ''যদিদং কিঞ্চ তদ্বিক্রমতে বিষ্ণুঃ। ত্রেধা নিধত্তে পদম্। ত্রেধা ভাবয় পৃথিব্যাং অন্তরীক্ষে দিবি ইতি শাকপূণিঃ। সমারোহণে বিষ্ণুপদে গয়শিরসি ইতি ঔর্ণবাভঃ''। এরূপ ব্যাখ্যান ধারা থেকেই টীকাকার দুর্গাচার্য বিষ্ণুকে স্পষ্টভাবেই আদিত্য বলে রায় দিয়েছেন - ''বিষ্ণুরাদিত্যঃ''। সূর্যের উদয়গিরিতে আরোহণ, মধ্য আকাশে স্থিতি ও অস্তাচলে গমন এই তিনটি বিষ্ণুর ত্রিপাদ বিক্ষেপ। পৌরাণিক আখ্যানের বীজ এই ব্যাখ্যার মধ্যেই অন্বেষণ করতে হবে।

বেদে সূর্যের প্রতিশব্দ হিসাবে শিপিবিষ্ট ও বিষ্ণু এই দুটি

শব্দই পাওয়া যায় এমন কি ৭/১০০/৬ ঋক্‌মন্ত্রে দুটি শব্দই একসঙ্গে ব্যবহৃত হয়েছে। নিরুক্তকার তাই বলেন — ''শিপিবিষ্টো বিষ্ণুরিতি বিষ্ণোর্দ্বে নামানী ভবতঃ'' (নিঃ ৫/৭/৮)। কিন্তু ঔপমন্যব নামক ব্যাখ্যাকার শিপিবিষ্ট শব্দটির অশ্লীল ও কুৎসিৎ অর্থ করেছেন। পূর্বোক্ত ঋক্ মন্ত্রটিতে (অকার-প্রশ্লেষ করে) অব্যবহার করে কুৎসিত অর্থে ব্যাখ্যা করতে হয়। সায়নাচার্য্য বেদ ব্যাখ্যার সময় পূর্বোক্ত মন্ত্রটি ব্যাখ্যাকালে একটি আখ্যানের কথা বলেছেন — পুরাকালে বিষ্ণু বা আদিত্য নিজের রূপ পরিত্যাগ করে অন্যরূপ ধারণ করে সংগ্রামে বশিষ্টকে সাহায্য করেন। এটা বুঝে বশিষ্ট ৭/১০০/৬ মন্ত্রে বিষ্ণুর স্তুতি করেছেন। স্বাভাবিক ভাবেই অশ্লীল অংশের অর্থ করা হয়েছে — আমাদের কাছে তোমার শরীর লুকিয়ে রেখ না। এক্ষেত্রে শিপিবিষ্ট শব্দটির সঙ্গে অশ্লীল উপমার একটা নতুন প্রকৃতিতত্ত্বগত ব্যাখ্যা উপস্থাপিত করেছেন যাস্ক। তাঁরমতে আদিত্য যখন উদিত মাত্র তখন তিনি রশ্মিসমূহের দ্বারা বেষ্টিত নন বলেই শিপিবিষ্ট, তাই তাঁর মতে শব্দটি প্রশংসা সূচক। এভাবে বেদমন্ত্রের অনেক তাৎপর্য নতুনভাবে যাস্ক উপস্থাপিত করেছেন।

ঐতরেয় ব্রাহ্মণের প্রথমেই আগ্নাবৈষ্ণব পুরোডাশের প্রসঙ্গে বিষ্ণুর উদ্দেশ্যে তিনকপাল পুরোডাশ পাকের কথা পাই কারণ হিসাবে তাঁর তিনটি পদবিক্ষেপের যুক্তি উপস্থাপিত হয়েছে। বিষ্ণু হলেন মধ্যমস্থানীয় দেবতা। অগ্নি ও বিষ্ণুর মধ্যেই সমস্ত দেবতার অধিষ্ঠানের কথা ঐতরেয় ব্রাহ্মণে যেভাবে উপন্যস্ত হয়েছে তা থেকে বিষ্ণুর বিশ্বরূপের প্রেরণা আসতে পারে। যেহেতু বিষ্ণু মধ্যমস্থানের দেবতা তাই মধ্যমস্থানীয় দেবতা ইন্দ্রের তিনি সহায়ক। বৃত্রবধের ক্ষেত্রে তিনি বন্ধুর মত ইন্দ্রকে সহায়তা করেছেন। প্রাকৃতিক তত্ত্ব ব্যাখ্যার ক্ষেত্রে এইসব কথা বিশেষভাবে ব্যাখ্যার অপেক্ষা রাখে।

ঐতরেয় ব্রাহ্মণ অগ্নি ও বিষ্ণুর মধ্যেই সমস্ত দেবতার অবস্থানের কথা বলেছে অথচ ঋগ্বেদের কোন মন্ত্রেই অগ্নির সঙ্গে বিষ্ণুর সাহচর্য্য বা সহস্তুতি দেখা যায় না। তাই নিরুক্তকার মনে করেন তাঁদের সহভাগিত্ব হবির্নিমিত্তক।

...ক্রমশঃ

— অধ্যাপক ডক্টর উদয় চন্দ্র বন্দ্যোপাধ্যায়

আশ্রম সংবাদ

৯ই জুলাই — গুরুপূর্ণিমার দ্বিপ্রহরে শ্রীশ্রীগুরুমহারাজদের ভোগ নিবেদন ও প্রসাদ বিতরণ অনুষ্ঠানের পর সন্ধ্যায় শ্রীশ্রীমা সমাগত ভক্তমণ্ডলীকে দর্শন দেন ও কিছু আধ্যাত্মিক কথা বলেন। এরপর হিরণ্যগর্ভের পূর্ববর্তী সংখ্যাটি ও শ্রীশ্রীমা রচিত 'উষা কা আলোক' হিন্দি পুস্তক প্রকাশিত হয়। অন্তিমে একটি সুন্দর সঙ্গীতানুষ্ঠান পরিবেশন করেন আশ্রমের গুরুভ্রাতা ও ভগিনীগণ।

৬ই আগষ্ট — এইদিন সকালে সৎসঙ্গে শ্রীশ্রীমা স্বয়ং

ক্রিয়াযোগের উপর প্রবচন দেন। শ্রীশ্রীমায়ের আধ্যাত্মিক প্রবচনের দ্বারা উপস্থিত সকলে ক্রিয়াযোগের নিগূঢ় তত্ত্ব সম্পর্কে জ্ঞানার্জন করেন।

১৩ই আগষ্ট — এইদিন শ্রীশ্রীমা কয়েকজন ভক্তসহ রিষড়ায় অবস্থিত 'প্রেম মন্দির' আশ্রমে যান। সেখানে শ্রীদেবানন্দ ব্রহ্মচারীর সঙ্গে শ্রীশ্রীমায়ের সাক্ষাৎ হয়।

১৫ই আগষ্ট — শ্রীকৃষ্ণজন্মাষ্টমী তিথিতে শ্রীশ্রীরাধামাধবের দ্বিপ্রাহরিক ভোগ নিবেদিত হয়। এই পুণ্য তিথিতেই পূজণীয় শ্রীশ্রীবাবার জন্মতিথি। এইদিন সন্ধ্যায় শ্রীশ্রীমা ও গুরুভ্রাতা ও ভগিনীগণ কিছু ভজন পরিবেশন করেন। শ্রীশ্রীমায়ের কণ্ঠের অপূর্ব ভজন গান সকলকে বিমোহিত করে।

২৩শে আগষ্ট — এইদিন আশ্রমে শ্রীশ্রীরামদেব বাবার পূজা হয়।

২৫শে আগষ্ট — গণেশ চতুর্থীর পবিত্র তিথিতে শ্রীশ্রীঅন্নপূর্ণাক্ষেত্রে অনুষ্ঠিত হয় শ্রীশ্রীগণেশ পূজা।

১৭ই সেপ্টেম্বর — এইদিন আধ্যাত্মিক সভার ২৪তম পর্বে 'কঠোপনিষদ্'-এর অপূর্ব ব্যাখ্যান পরিবেশন করেন গুরুভ্রাতা ডাঃ বরুণ দত্ত।

২০শে সেপ্টেম্বর — মহালয়ার দিন বহু ভক্ত আশ্রমে শ্রীশ্রীমায়ের দর্শনলাভের জন্য সমাগত হন। এইদিন অপূর্ব ভক্তিমূলক গান পরিবেশন করেন শ্রীমতী লাবণী লাহিড়ী।

देवी ललिता - दुर्गा

श्रीश्रीमाँ सर्वाणी

गोलोक के श्रीराधिका के कायव्यूह की अष्टसखियों में प्रधान देवी ललिता थी। गोलोक में श्रीराधा के रोमकूप से इनका आविर्भाव हुआ है। ये दिव्यतेज सम्पन्न योगमाया का स्वरूप है। ब्रह्मवैवर्त पुराण के मतानुसार महाभावद्युति श्रीराधिका के रोमकूप से सभी गोपियों का उद्‌भव हुआ है। देवी योगमाया साक्षात् सनातनी आद्याशक्ति। ब्रह्माण्ड सृष्टि के अभिमुख ये ही फिर देवी महामाया दुर्गा। अतएव जो 'ललिता' है वे ही 'दुर्गा' एवं श्रीराधिका और ललिता में कोई भेद नहीं है। वे उभय ही एक है। देवी ललिता स्वभाव से प्रखरा, दिव्य-तेजदीप्ता महाभाव-सम्पन्ना भगवती का ही अभिन्न एक रूप है। देवी ललिता-दुर्गा हुई महाशक्ति स्वरूपिणी वैष्णवी शक्ति अनन्तवीर्या, 'विश्वस्यबीजं परमासि माया' अर्थात् ये ही विश्व की बीजरूपा ओंकारेश्वरी और परमा-माया स्वरूपिणी परमा प्रकृति, विश्व का आदि कारण और शिवपत्नी। शिवपत्नीरूप में यह 'ललिता-गौरी'। शिवपत्नी देवी पार्वती इसीलिए मातृकागणों में 'वैष्णवी' नाम से ख्यात है।

पुराण प्रसिद्ध महिषासुर ने देवताओं को स्वर्ग से विताड़ित कर स्वर्गराज्य प्राप्त किया था। देवताओं ने विपन्न होकर ब्रह्मा की शरण ली। इस संकटपूर्ण अवस्था में ब्रह्मा और शिव ने देवताओं को साथ लेकर भगवान विष्णु के निकट गमन किया, उन्हें अपनी दुरवस्था की कथा विवृत की एवं उनकी इस विपदा से रक्षा करने का अनुरोध किया। कारण, ब्रह्मा के वरदान के फलस्वरूप ही महिषासुर पुरुषजाति से अवध्य था। भगवान विष्णु ने तब कहा कि, इन दुर्धर्ष असुरराज का वध करने के लिए अपनी-अपनी जाया के साथ मिश्रित होकर, स्व-स्व तेज के निकट यह प्रार्थना करनी होगी कि जिससे इस समवेत भाव से उत्पन्न तेजोराशि से एक अग्नितेजा नारीमूर्ति आविर्भूत हो। यही अनन्तवीर्यवती नारी ही असुरराज महिषासुर का विनाश करेगी। यह श्रवण कर ब्रह्मा, शिव, विष्णु और इन्द्रादि देवताओं के देह से तेज निर्गत हुआ एवं इस समष्टिभूत तेजोराशि से एक तेजोदीप्त सौन्दर्यशालिनी ज्योतिर्मयी नारीमूर्ति आविर्भूत हुई। तब समस्त देवताओं ने अपने अपने अस्त्रसमूह इन्हें प्रदान किए। इन्हीं देवी ने महिषासुर का तीन बार वध किया। प्रथम में अष्टभूजा 'उग्रचण्डा' रूप में द्वितीय ओर तीसरी बार दशभूजा 'दुर्गा' रूप में। एक रात्रि में महिषासुर ने निद्रित अवस्था में स्वप्न देखा कि देवी भद्रकाली उनका सिरश्छेद कर रक्तपान कर रही है। देवी 'भद्रकाली' की मूर्ति का स्वप्न में दर्शन कर भयभीत महिषासुर इस मूर्ति की आराधना करने लगा। पूजा से सन्तुष्ट होकर देवी महिषासुर के निकट आविर्भूत हुई। तब महिषासुर ने देवी से कहा, ''एकबार कात्यायन मुनि के शिष्य रौद्राश्व हिमालय पर तपस्या कर रहे थे। उस समय मैंने स्त्रीमूर्ति धारण कर उनका तप भंग किया। तब गुरु कात्यायन ने श्राप दिया, स्त्रीरूप द्वारा शिष्य के मोहित करने के कारण स्त्री द्वारा ही मेरी मृत्यु होगी। अब मेरा मृत्युकाल समुपस्थित है। इसीलिए मृत्यु से पूर्व मैं एक वर चाहता हूँ। मैं आपके अनुग्रह से यज्ञभाग की प्रार्थना करता हूँ एवं आपके चरण कमल में सेवक रूप में चिरकाल तक वास करके सर्वजनों के पूजित होऊँ।'' तब देवी ने कहा, ''यज्ञभाग देवताओं के मध्य विभक्त हो गया है, अतएव मैं तुम्हें वर दे रही हूँ कि मेरे द्वारा निहत होने पर भी तुम मेरे चरणों का त्याग नहीं करोगे। जहाँ मेरी पूजा होगी, वहाँ तुम भी पूजित होओगे। उग्रचण्डा, भद्रकाली और दुर्गा, इन त्रिमूर्तियों में तुम सर्वदा मेरे पदलग्न होकर देवता, मनुष्य और राक्षस जाति के पूज्य रहोगे।''

देवी ललिता दुर्गा का माधुर्यमण्डितरूप है और देवी दुर्गा हुई देवी ललिता का महैश्वर्यमण्डित रूप। देवी दुर्गा जीव की दुर्गतिनाशिनी शक्ति है। जीवसत्ता में प्रवृत्तिमार्ग में

आसुरिक वृत्तिनिचय का वध कर जीव को देवत्व पर उन्नीत करना ही दुर्गाशक्ति का कर्म है। इच्छा-ज्ञान-क्रिया, इन तीनों शक्तियों की समरस्यता एवं समष्टिभूत शक्ति ही दुर्गा। दुर्गाशक्ति आत्मसत्ता निर्माणकारी महाशक्ति। देवी दुर्गा साधक के गति पथ पर योगमार्ग की मोक्षप्रदायिनी। फिर देवी ललिता रूप में ही भक्तियोग में प्रेममार्ग।

श्रीवृन्दावनेश्वरी भगवती श्रीराधा की पाँच सखियों में से श्रीललिता परमप्रिय या प्राणप्रिय सखी थी। श्रीललिता में दिव्यता और नित्यसिद्धता स्वभावसिद्ध थे। ललिता, विशाखा, सुचित्रा, चम्पकलता, तुंगविद्या, इन्दुलेखा, रंगदेवी और सुदेवी ये आठ श्रीराधा की परमप्रिय और परमश्रेष्ठ सखियाँ थी। इनके तुल्य सर्वगुण सम्पन्न और कोई नहीं था। श्रीराधा-कृष्ण के प्रति इनका समान प्रेम था। अष्टसखी में श्रीललिता ही प्रधान थी। देवी ललिता का निजस्व संगिनी मण्डल था। उस परिमण्डल के मध्य अष्ट सखी प्रधान; उनके नाम यथाक्रम से इस प्रकार है - रत्नप्रभा, रतिकला, सुभद्रा, वर्तिका, सुमुखी, धनिष्ठा, कलहंसी और कलापिनी। भूलोक की वृंदावनलीला में अवतरण के समय श्रीललिता सखी के पिता थे 'विशोक' एवं माता थी 'शारदी'। 'विशोक' अर्थात् अशोक एवं 'शारदी' अर्थात् शारदीय ऋतुशक्ति शरत्काल में ही भगवान श्रीरामचंद्र देवी भगवती का अकाल बोधन सम्पन्न करते हैं, इसीलिए देवी दुर्गा का और एक नाम है 'शारदा'। ललिता देवी के पति थे 'भैरव' गोप। अतएव देवी ललिता हुई 'ललिता भैरवी', देवी दुर्गा का ही नामान्तर। देवी दुर्गा का भी नवशक्ति का योगिनी परिमण्डल है। यथा - ब्राह्मी, माहेश्वरी, कौमारी, वैष्णवी, वाराही, नारसिंही, इन्द्राणी, शिवदूती और चामुण्डा। ये नवशक्तियाँ नवदुर्गा के (शैलपुत्री, ब्रह्मचारिणी, चन्द्रघंटा, कुष्माण्डा, स्कन्दमाता, कात्यायनी, कालरात्रि, महागौरी और सिद्धिदात्री) शक्तियों के मध्य समाहित है। इस प्रकार देवी दुर्गा अनेकानेक रूपधारिणी अनन्तरूपा दुर्ज्ञेया नित्य जगन्मोहिनी है। देवी दुर्गा का किशोरी कुमारी रूप ही है 'ललिता'।

देवी ललिता-दुर्गा मायाविशिष्ट ब्रह्मरूप में सृष्टि मध्य अवस्थान करती है इसीलिए उन्हें 'महामाया' कहा जाता है। सृष्टिकाल में वे श्री, बुद्धि, स्मृति, धृति, श्रद्धा, मेधा, दया, लज्जा, क्षुधा, तृष्णा, क्षमा, अक्षमा, कान्ति, शान्ति पिपासा, निद्रा, तन्द्रा, जरा, अजरा, विद्या, अविद्या, स्पृहा, वांछा, शक्ति अशक्ति, अस्थि, मज्जा, त्वक, दृष्टि, सत्यासत्य रूप में प्रतिभात होती है। देवी भागवत में वर्णित है कि देवी भगवती की देह कोटि-कोटि सूर्यों कि सदृश उज्ज्वल होने पर भी कोटिश चन्द्रों की भाँति मधुर और शीतल है। वे कोटि-कोटि विद्युलता के सदृश लावण्यमयी है। श्रीमहाभारत में (४२ अः, ४५ श्लोक) कहा गया कि ब्रह्मरूपिणी सर्वलोकमाता भगवती देवी ब्रह्माण्ड के मध्य में भी है और ब्रह्माण्ड के बाहर भी। उनकी भगवती मूर्ति पौराणिक एवं ब्रह्माण्ड के बाहर जो मूर्ति है वह तान्त्रिक है। बैकुण्ठ और गोलोक के बहु ऊर्ध्व में वे अवस्थान करती है। वे परमब्रह्म स्वरूपिणी। फिर वे विश्वात्मिका, निरुपमा, निरुपद्रवण, सूक्ष्म और जगत् के स्थिति, लय आदि की एकमात्र कारण है। वे सगुणा और निर्गुणा दोनों ही है। वाक्य द्वारा उस देवी के संबंध में वर्णन नहीं किया जा सकता। उन भगवती देवी ललिता-दुर्गा के चरणों में निवेदन करती हूँ अनन्तकोटि प्रणाम।

हिन्दी अनुवाद – मातृचरणाश्रिता श्रीमती ज्योति पारेख

-प्रसीद प्रसीद देवी भगवती ललिता दुर्गे-

श्रीश्रीमाँ

माँ सो को उदार जग माँहीं
जग में माँ समान कोऊ नाहीं।
जो जन शरणागत बन आवे
वाको जन्म सफल होय जावे
बिन माँगे जो सबकुछ देवे
कृपा अनन्त लुटावे
माँ सो को उदार जग माँही!

दया दृष्टि जा पर पड़ जावे
वे नर भव तर जावे
भीड़ पड़े जब भक्त पुकारे
माँ तहँ दौड़ी जावे
माँ सो को उदार जग माँही
जग में माँ समान कोऊ नाहीं
साधो, माँ समान कोऊ नाहीं!

–मातृचरणाश्रिता श्रीमती सुशीला सेठिया

